প্রশিক্ষণ ম্যানুয়াল
বাংলা

প্রথম অধিবেশন

দিন-১ম

বিষয়বস্তু : বাংলা বিষয়ের বিস্তৃত শিক্ষাক্রম পরিচিতি

উদ্দেশ্য

১. পরিমার্জিত বাংলা শিক্ষাক্রমের (প্রান্তিক যোগ্যতা) বৈশিষ্ট্য শনাক্ত করতে পারা
২. পরিমার্জিত বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য নিরূপণ করতে পারা

সময় : ৪৫ মিনিট (২.৪৫ – ৩.৩০)

প্রশিক্ষণ সামগ্রী ঃ মাল্টিমিডিয়া, চার্ট, পোস্টার, মার্কার, সাইনপেন, হোয়াইট বোর্ড, তথ্যপত্র

শিখন শেখানো পদ্ধতি :

কাজ- ১ : পরিমার্জিত শিক্ষাক্রম ব্যাখ্যা করা ৫ মিনিট

প্রশিক্ষক প্রশ্নোত্তরের মাধ্যমে বাংলা বিষয়ের বিস্তৃত শিক্ষাক্রম পরিচিতি নিয়ে আলোচনা করবেন প্রশিক্ষক নিচের প্রশ্নের মাধ্যমে আলোচনা করতে পারেন।

- শিক্ষাক্রম কী?
- প্রান্তিক যোগ্যতা কী?
- প্রাথমিক স্তরের প্রান্তিক যোগ্যতা কয়টি?
- বাংলা বিষয়ের বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা কয়টি?
- ভাষার মৌলিক দক্ষতা কয়টি ও কী কী?

কাজ- ২ : পরিমার্জিত বাংলা শিক্ষাক্রমের (প্রান্তিক যোগ্যতা) বৈশিষ্ট্য শনাক্ত করা ২০ মিনিট

- প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের সুবিধাজনক দলে ভাগ করবেন।
- দলে একটি করে তথ্যপত্র-১ সরবরাহ করবেন।
- তথ্যপত্র নিয়ে দলে আলোচনা করতে বলবেন।
- দলে আলোচনার সারসংক্ষেপ একজনকে উপস্থাপন করতে বলবেন।
- প্রশিক্ষক প্লেনারি সেশনে সারসংক্ষেপ করবেন।

কাজ- ৩ : পরিমার্জিত বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য শনাক্ত করা ২০ মিনিট

- প্রশিক্ষণার্থীদের পাঁচটি দলে ভাগ করে প্রথম থেকে পঞ্চম শ্রেণির বিস্তৃত শিক্ষাক্রম সরবরাহ করবেন।
- দলে আলোচনা করে বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য শনাক্ত করে পোস্টার পেপারে লিখতে বলবেন।
- দল থেকে একজনকে উপস্থাপন করতে বলবেন।
- প্লেনারি সেশনে পরিমার্জিত বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য আলোচনা করে অধিবেশন সমাপ্ত করবেন।

প্রথম অধিবেশন তথ্যপত্র-১

পরিমার্জিত বাংলা শিক্ষাক্রমের বিশেষত্ব (প্রান্তিক যোগ্যতা)

আমাদের রাষ্ট্রের ভাষা বাংলা। আমাদের শিক্ষার মাধ্যমও বাংলা। জীবনের সর্বক্ষেত্রে বাংলাভাষা ব্যবহারের বাধ্যবাধকতা রয়েছে। আবার মাতৃভাষা বাংলা হলেও মুখে মুখে বলা এবং কাগজপত্রে লেখা দুটোই অনুশীলনের মাধ্যমে শিখতে হয়। এ কারণে শিশুকে ভাষার চারটি দক্ষতাই আয়ত্ত করতে হয়। অন্যদিকে শিক্ষার প্রাথমিক ধাপ হলো প্রাথমিক শিক্ষা। সুতরাং এ স্তর থেকে শিশুদের মাতৃভাষার সাথে পরিচিত হয়ে এবং ব্যবহারিক ক্ষেত্রে বাংলা ভাষার চারটি দক্ষতা (শোনা, বলা, পড়া ও লেখা) পর্যায়ক্রমে অর্জন করতে পারে। সেজন্য তাকে প্রস্তুত করা দরকার। সে লক্ষ্য সামনে রেখেই বাংলা পরিমার্জিত শিক্ষাক্রম তৈরি করা হয়েছে। নিচের ছকে প্রদত্ত বাংলা বিষয়ের প্রান্তিক যোগ্যতাগুলো লক্ষ করলে পরিমার্জিত শিক্ষাক্রমের সামগ্রিক বৈশিষ্ট্য চিহ্নিত করা যাবে।

দক্ষতা	২০০২ এর শিক্ষাক্রমে প্রান্তিক যোগ্যতা	*২০১১ এর পরিমার্জিত শিক্ষাক্রমে প্রান্তিক যোগ্যতা*
শোনা	১. বাংলাভাষার গঠন প্রণালী, বাক্যবিন্যাস ও নিয়মশৃঙ্খলার বিষয়ে জ্ঞানলাভ করা ২. বাংলায় ছড়া, কবিতা, গল্প, কথোপকথন, বক্তৃতা, বর্ণনা ইত্যাদি মনোযোগ সহকারে শুনে মূলভাব বুঝতে পারা। ৩. সংখ্যাবাচক (গণনাবাচক, ক্রমবাচক ও তারিখবাচক) শব্দ শুনে বুঝতে পারা।	১. *বাংলা ভাষার গঠন-বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা লাভ করা।* ২. *কবিতা, রূপকথা, গল্প ইত্যাদি শ্রুতিগ্রাহ্য সাহিত্য শুনে বুঝতে পারা ও আনন্দ লাভ করা।* ৩. *কথোপকথন, বর্ণনা ইত্যাদি শ্রুতিগ্রাহ্য বিষয় শুনে বুঝতে পারা।*
বলা	১. বাংলাভাষার গঠন প্রণালী, বাক্যবিন্যাস ও নিয়মশৃঙ্খলা প্রয়োগ করতে পারা। ২. বাংলায় ছড়া, কবিতা, গল্প, কথোপকথন, বক্তৃতা, বর্ণনা ইত্যাদি সম্পর্কে বুঝে বলতে পারা। ৩. সহপাঠী ও অন্যান্যদের সঙ্গে মনোভাব ও অনুভূতি প্রকাশ এবং আদান প্রদানের ক্ষেত্রে শুদ্ধ, প্রমিত, চলিত বাংলায় কথা বলতে পারা। ৪. সংখ্যাবাচক (গণনাবাচক, ক্রমবাচক ও তারিখবাচক) শব্দ বলতে পারা।	১. *বাংলা ভাষার গঠন-বৈশিষ্ট্য সম্পর্কিত ধারণা প্রয়োগ করে কথা বলতে পারা।* ২. *পড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি বুঝে বলতে পারা।* ৩. *সহপাঠী ও অন্যদের সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারা।* ৪. *বিভিন্ন বিষয়ে মতামত প্রদান ও অনুভূতি ব্যক্ত করতে পারা।*
পড়া	১. বাংলাভাষার গঠন প্রণালী, বাক্যবিন্যাস ও নিয়মশৃঙ্খলা প্রয়োগ করতে পারা; ২. বাংলায় ছড়া, কবিতা, গল্প, কথোপকথন, বক্তৃতা, বর্ণনা ইত্যাদি মনোযোগ সহকারে পড়ে মূলভাব বুঝতে পারা; ৩. বাংলা ভাষার মুদ্রাক্ষর ও হস্তাক্ষর শুদ্ধ উচ্চারণে পড়তে পারা এবং বাংলা ভাষায় জ্ঞানার্জন অব্যাহত রাখতে সমর্থ হওয়া; ৪. সংখ্যাবাচক (গণনাবাচক, ক্রমবাচক ও তারিখবাচক) শব্দ পড়তে পারা।	১. *স্পষ্ট, শুদ্ধ ও প্রমিত উচ্চারণে সাবলীলভাবে পড়তে পারা।* ২. *ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি পড়ে মূলভাব বুঝতে পারা।* ৩. *হাতের লেখা ও মুদ্রিত লেখা পড়তে পারা।*

তৃতীয়	১. বাংলাভাষার গঠন প্রণালী, বাক্যবিন্যাস ও নিয়মশৃঙ্খলা প্রয়োগ করতে পারা। ২. বাংলায় ছড়া, কবিতা, গল্প, কথোপকথন, বক্তৃতা, বর্ণনা ইত্যাদির মূলভাব বুঝে লিখতে পারা। ৩. সংখ্যাবাচক (গণনাবাচক, ক্রমবাচক ও তারিখবাচক) শব্দ লিখতে পারা। ৪. পর্যবেক্ষণ, অভিজ্ঞতা ও মনোভাব শুদ্ধ ও স্পষ্টভাষায় লিখে প্রকাশ করতে পারা। ৫. সাধারণ চিঠি এবং দরখাস্ত লিখতে পারা এবং বিভিন্ন ফরম পূরণ করতে পারা।	*১. স্পষ্ট, পরিচ্ছন্ন ও শুদ্ধভাবে লিখতে পারা।* *২. ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদির বিষয়বস্তু ও মূলভাব লিখতে পারা।* *৩. পর্যবেক্ষণ, অভিজ্ঞতা ও মনোভাব ইত্যাদি শুদ্ধ ও স্পষ্টভাবে নিজের ভাষায় লিখে প্রকাশ করতে পারা।* *৪. সাধারণ চিঠি ও দরখাস্ত লিখতে পারা এবং ফরম পূরণ করতে পারা*

উপরিউক্ত ছকে প্রদত্ত পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী -

- বাংলা বিষয়ে প্রান্তিকযোগ্যতার শোনা দক্ষতায় **বাংলা ভাষার গঠন-বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা লাভ করা** যুক্ত হয়েছে। এতে বিগত শিক্ষাক্রমে প্রদত্ত বাংলাভাষার গঠন প্রণালী, বাক্যবিন্যাস ও নিয়মশৃঙ্খলার ক্ষেত্রকে আরো বিস্তৃত পরিসরে বিন্যস্ত করা হয়েছে।
- ভাষার প্রকাশধর্মী দক্ষতায় শিক্ষার্থীকে পারদর্শি করে তোলার জন্য শ্রুতিগ্রাহ্য সাহিত্য (কবিতা, রূপকথা, গল্প ইত্যাদি) ও শ্রুতিগ্রাহ্য বিষয়কে (কথোপকথন, বর্ণনা ইত্যাদি) স্বতন্ত্রভাবে রাখা হয়েছে।
- সংখ্যাবাচক (গণনাবাচক, ক্রমবাচক ও তারিখবাচক) বিষয়কে আলাদাভাবে না রেখে সাহিত্যের অংশ হিসেবে যোগ্যতায় স্থান দেওয়া হয়েছে।

প্রথম অধিবেশন তথ্যপত্র-২

পরিমার্জিত বিস্তৃত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য

- পূর্ববর্তী শিক্ষাক্রমে প্রথম ও দ্বিতীয় শ্রেণির শিখনফল ও পরিকল্পিত কাজের উল্লেখ ছিল না। বর্তমান শিক্ষাক্রমে তা সন্নিবেশিত হয়েছে এবং শিখনফল ও শ্রেণিভিত্তিক পরিকল্পিত কাজ সম্পূর্ণ নতুনভাবে লেখা হয়েছে।
- ভাষা দক্ষতার আলোকে বর্ণের ধ্বনির প্রায়োগিক অনুশীলনের ওপর গুরুত্ব প্রদান করা। যেমন, প্রথম শ্রেণির অর্জনোপযোগী যোগ্যতার শোনা দক্ষতা: ১.১।
- কার চিহ্নের পরিচিতি, ব্যবহার ও অনুশীলনের ওপর গুরুত্ব আরোপ।যেমন, প্রথম শ্রেণির অর্জনোপযোগী যোগ্যতার শোনা-বলা-পড়া-লেখা দক্ষতা: ১.২।
- শিক্ষর্থীর নিজের অভিজ্ঞতা প্রকাশের অধিকতর সুযোগ রাখা। যেমন, প্রথম শ্রেণির অর্জনোপযোগী যোগ্যতার বলা দক্ষতা: ২.৩।
- শিক্ষার্থীর ভাষা দক্ষতা বিকাশে পাঠ বহির্ভূত পঠন সামগ্রীর অনুশীলনের সুযোগ রাখা। যেমন, সকল শ্রেণির অর্জনোপযোগী যোগ্যতার বলা দক্ষতা: ২.১।
- ভাষা দক্ষতা বৃদ্ধির মাধ্যমে শিক্ষার্থীর সৃজনশীলতা বিকাশের সুযোগ সৃষ্টি।
- পঠিত বিষয়বস্তুর উপলব্ধির পাশাপাশি শিক্ষার্থীর অনুভূতি, আবেগ ইত্যাদি প্রকাশের সুযোগ রাখা।
- পর্যায়ক্রমে বিরামচিহ্ন ব্যবহার। যেমন, প্রথম শ্রেণির অর্জনোপযোগী যোগ্যতার পড়া দক্ষতা: ১.৫।
- পড়ার দক্ষতা অর্জনের ওপর গুরুত্ব আরোপ

দ্বিতীয় অধিবেশন

দিন- ১ম

বিষয়বস্তু : প্রথম ও দ্বিতীয় শ্রেণির বাংলা বিষয়ের পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ পরিচিতি।

উদ্দেশ্য :

১. প্রাথমিক স্তরে বাংলা পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারা
২. বাংলা পাঠ্যপুস্তকে শিখনফলের প্রতিফলন বর্ণনা করতে পারা
৩. বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণের উদ্দেশ্য ব্যাখ্যা করা
৪. বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য নিরূপণ করতে পারা
৫. বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণে প্রদত্ত শিখন-শেখানোর কৌশল বর্ণনা করা

সময়: ৯০ মিনিট (৩.৩০ – ৫.০০)

প্রশিক্ষণ সামগ্রী ঃ পাঠ্যপুস্তক, শিক্ষক সংস্করণ, মাল্টিমিডিয়া, চার্ট, পোস্টার, মার্কার, সাইনপেন, হোয়াইট বোর্ড, তথ্যপত্র।

কাজ: ১ প্রাথমিক স্তরের প্রথম ও দ্বিতীয় শ্রেণির বাংলা পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য ব্যাখ্যা করা। ৪৫ মিনিট

- প্রশিক্ষক শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তকের সম্পর্ক বিষয়ে অংশগ্রহণমূলক সংক্ষিপ্ত আলোচনা করবেন।
- প্রশিক্ষক প্রশিক্ষণার্থীকে চারটি দলে ভাগ করবেন। (দল-১ ও ৩ প্রথম শ্রেণি, দল-২ ও ৪ দ্বিতীয় শ্রেণির পাঠ্যপুস্তক দেবেন)
- প্রতি দুটি দলে একই শ্রেণির পাঠ্যবই সরবরাহ করে পাঠ্যবইয়ের বৈশিষ্ট্য দলে আলোচনা করবেন এবং পোস্টার পেপারে লিখতে দেবেন।
- প্রতি দল থেকে একজনকে পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য উপস্থাপন করতে বলবেন।
- প্রশিক্ষক পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য সম্পর্কিত তথ্যপত্র-১ সরবরাহ করবেন।
- প্রশিক্ষক সরবরাহকৃত তথ্যপত্র এবং দলীয় উপস্থাপনের ভিত্তিতে আলোচনার সারসংক্ষেপ করবেন এবং অধিবেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

বিশেষ লক্ষণীয়: শিখনফলের প্রতিফলন পাঠ্যপুস্তকে কীভাবে হয়েছে তা আলোচনায় প্রাধান্য পাবে।

কাজ: ২ প্রথম ও দ্বিতীয় শ্রেণির বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণ প্রণয়নের উদ্দেশ্য ব্যাখ্যা করা। ১৫ মিনিট

- বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণ প্রণয়নের উদ্দেশ্য কী ?
- প্রশিক্ষক প্রশ্নটি শিক্ষার্থীদের উদ্দেশ্যে করবেন। শিক্ষার্থীরা প্রত্যেকে একটি করে পয়েন্ট নিজ খাতায় লিখবেন এবং বলবেন। প্রশিক্ষক বোর্ডে লিখে আলোচনা করবেন।
- প্রশিক্ষক শিক্ষক সংস্করণের উদ্দেশ পোস্টার পেপারে লিখে (তথ্যপত্র-২) প্রদর্শন করে আলোচনা করবেন।

কাজ: ৩ প্রথম ও দ্বিতীয় শ্রেণির শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য শনাক্ত করা ৩০ মিনিট

- পূর্বনির্ধারিত ১ নং ও ৩ নং দলকে প্রথম শ্রেণির এবং ১ নং এবং ৪ নং দলকে দ্বিতীয় শ্রেণির শিক্ষক সংস্করণ সরবরাহ করবেন। অত:পর শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য আলোচনা করে পোস্টার পেপারে লিখতে বলবেন।
- প্রশিক্ষক প্রতি দল থেকে একজনকে দলীয় কাজ উপস্থাপন করতে বলবেন ও আলোচনা করবেন। তথ্যপত্র-৩ প্লেনারিতে উপস্থাপন করবেন।
- প্রশিক্ষক বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণে পাঠ উপস্থাপন কৌশল প্রশ্নোত্তরে আলোচনা করে অধিবেশনের সারসংক্ষেপ করবেন। এক্ষেত্রে তথ্যপত্র-৪ ব্যবহার করতে পারেন।

দ্বিতীয় অধিবেশন তথ্যপত্র-১

বাংলা পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য

প্রথম শ্রেণি

- বাংলা বর্ণমালার স্বর ও ব্যঞ্জণবর্ণের ক্রম অক্ষুণ্ন রাখা হয়েছে। বাক্যানুক্রমিক পদ্ধতিতে শব্দ ও বাক্যের মিশ্র পদ্ধতি অনুসরণ করা হয়েছে।
- প্রত্যেকটি বর্ণের ধ্বনি ও রূপ যথাসম্ভব অক্ষুণ্ন রেখে স্বাধীন শব্দ ব্যবহার করা হয়েছে এবং বাক্যে এসব শব্দের প্রয়োগ দেখানো হয়েছে। যেমন, অ – অলি – অলি হাসে। জ – জল – জল নামে।
- এ বইয়ে ধ্বনি-বর্ণের অনুশীলনীর পর্যাপ্ত সুযোগ রাখা হয়েছে।
- পাঠ্যপুস্তকটিতে বর্ণ লেখার অনুশীলনের ব্যবস্থা রাখা হয়েছে।
- শিখন-শেখানো প্রক্রিয়া সম্পর্কে নির্দেশনা দেওয়া হয়েছে।
- শিক্ষার্থীর শিখন অনুশীলন ও মূল্যায়নের পর্যাপ্ত সুযোগ রাখা হয়েছে। যেমন – পাঠ – ২৫, পৃষ্ঠা – ৩৭, পাঠ – ৫৬, পৃষ্ঠা –৭২
- শিক্ষার্থীর পরিচিত পরিবেশ থেকে পাঠে শব্দ চয়ন করা হয়েছে।
- পাঠ্যপুস্তকের প্রতিটি বর্ণ একটি ভাষিক অবস্থানকে নির্দেশ করে এমন ছবির মাধ্যমে বিষয় উপস্থাপন করা হয়েছে। (যেমন – বর্ণমালা শেখানোর সকল পাঠ)

দ্বিতীয় শ্রেণি

- পাঠ্যপুস্তকে বর্ণনামূলক, তথ্যমূলক, কল্পনানির্ভর পাঠ ব্যবহার করে বৈচিত্রময় পাঠ উপস্থাপন করা হয়েছে। যেমন, **মুক্তিযুদ্ধের একটি সোনালি পাতা, নানা রঙের ফুল, জলপরি ও কাঠুরে, দাদি বাড়ির মজার পিঠা** ইত্যাদি।
- শিক্ষার্থীর পারদর্শিতা যাচাইয়ের লক্ষ্যে বহুবিধ মূল্যায়ন কৌশল ব্যবহৃত হয়েছে।
- ছবির গল্প দিয়ে বাংলাদেশের সুন্দরবনের প্রকৃতিকে উপস্থাপন করা হয়েছে।
- **শীতের সকাল** রচনাটিতে শিক্ষার্থীদের মৌখিক অনুশীলনসহ নাট্যধর্মী ভাষ্য তৈরি করার দক্ষতা অর্জনের সুযোগ রাখা হয়েছে।
- **ছবিতে ছবিতে সংখ্যা** পাঠে খেলার মাধ্যমে গাণিতিক ধারণা প্রদানের প্রয়াস গ্রহণ করা হয়েছে।
- পাঠ্যপুস্তকের বিষয়ে শিক্ষাক্রমে উল্লিখিত শিখনফলের প্রতিফলন ঘটেছে। যেমন, **ছবিতে ছবিতে সংখ্যা** গল্পে পড়ার অর্জনোপযোগী যোগ্যতার ২.৮.১ এক থেকে এক শ পর্যন্ত গণনাবাচক শব্দ পড়তে পারবে।
- কোনো কোনো পাঠ শিখি অংশে বাক্য গঠন করে দেখানো হয়েছে। তবে শিক্ষার্থী কর্তৃক বাক্য গঠন করার সুযোগ দিয়ে তার সৃজনশীলতাকে কাজে লাগানোর চেষ্টা করা হয়েছে।

দ্বিতীয় অধিবেশন তথ্যপত্র-২

বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণের উদ্দেশ্য

- সঠিকভাবে শিখনফল চিহ্নিত করার জন্য
- সঠিক উপকরন ও নির্বাচন ও ব্যবহার করার জন্য
- পাঠ বিভাজন করার জন্য
- পাঠ পরিকল্পনায় সহায়তা প্রদানের জন্য
- যথাযথভাবে মূল্যায়ন কৌশল নির্ধঅরণ ও মূল্যায়ন করার জন্য
- শিক্ষকের শ্রেণিকক্ষে শিখন শেখানো কার্যাবলি সুষ্ঠু ও সঠিকভাবে পরিচালনার জন্য

দ্বিতীয় অধিবেশন তথ্যপত্র-৩

বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য

- প্রথমে পাঠের বিষয় এবং পরে ঐ বিষয়ে কীভাবে শিখন শেখানো কাজ পরিচালনা করতে হবে তার নির্দেশনা প্রদান করা হয়েছে।
- শিখন শেখানো কার্যাবলি পরিচালনার জন্য নিম্নরূপ কাঠামো সয়যোজন করা হয়েছে-
    - অর্জনোপযোগী যোগ্যতা
    - শিখনফল
    - পাঠের বিষয়
    - পাঠ বিভাজন
    - উপকরণ
    - শিখন শেখানো কার্যাবলি
    - মূল্যায়ন
- শিক্ষকের করণীয় শিরোনামে বইটি সঠিকভাবে ব্যবহারে জন্য কতিপয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

দ্বিতীয় অধিবেশন তথ্যপত্র-৪

বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণে পাঠ উপস্থাপন কৌশল

- পাঠ উপস্থাপনের পূর্বে শিক্ষার্থীদের প্রস্তুতি গ্রহণের জন্য ব্যবস্থা রাখা
- আনন্দদায়ক কাজের মাধ্যমে পাঠে অগ্রসর করানোর ব্যবস্থা
- পাঠের বৈচিত্র্য অনুসারে শিখন শেখানো কাজে ভিন্নতা আনায়ন
- শিক্ষার্থীর সামর্থের আলোকে কাজ প্রদান করা
- অনুশীলনের ওপর গুরুত্ব প্রদান করা
- পাঠের বাইরের জ্ঞান সংযোজনের ব্যবস্থা রাখা
- নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে শিক্ষার্থীর পুর্নমূল্যায়নের ব্যবস্থা রাখা
- ভাষার দক্ষতা অনুসারে কাজ প্রদান করা
- কর্মমূলক অনুশীলনের ব্যবস্থা গ্রহণ

তৃতীয় অধিবেশন

দিন- ২য়

বিষয়বস্তু: তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণি বাংলা বিষয়ের পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ পরিচিতি।
উদ্দেশ্য :

১. প্রাথমিক স্তরে বাংলা পাঠ্যপুস্তকে বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারা
২. বাংলা পাঠ্যপুস্তকে শিখনফলের প্রতিফলন বর্ণনা করতে পারা
৩. বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণের উদ্দেশ্য ব্যাখ্যা করা
৪. বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য নিরূপণ করতে পারা
৫. বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণের প্রদত্ত শিখন-শেখানো কৌশল বর্ণনা করা

সময় : ৯০ মিনিট (৯.০০ – ১০.৩০)
প্রশিক্ষণ সামগ্রী ঃ পাঠ্যপুস্তক, শিক্ষক সংস্করণ, মাল্টিমিডিয়া, চার্ট, পোস্টার, মার্কার, সাইন কলম, হোয়াইট বোর্ড, তথ্যপত্র।

কাজ: ১ প্রাথমিক স্তরের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণি বাংলা পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য ব্যাখ্যা করা। ৪৫ মিনিট

- প্রশিক্ষক প্রশিক্ষণার্থীকে তিনটি দলে ভাগ করবেন।
- প্রতি দলে একটি শ্রেণির পাঠ্যবই সরবরাহ করে পাঠ্যবইয়ের বৈশিষ্ট্য দলে আলোচনা করে পোস্টার পেপারে লিখতে দেবেন।
- প্রতি দল থেকে একজনকে পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য উপস্থাপন করতে বলবেন।
- প্রশিক্ষক (পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য) তথ্যপত্র-১ সরবরাহ করবেন।
- প্রশিক্ষক সরবরাহকৃত তথ্যপত্র এবং দলীয় উপস্থাপনের ভিত্তিতে আলোচনার সারসংক্ষেপ করবেন এবং অধিবেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

বিশেষ লক্ষণীয়: শিখনফলের প্রতিফলন পাঠ্যপুস্তকে কীভাবে হয়েছে আলোচনায় তা প্রাধান্য পাবে।

কাজ : ২ : তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য নিরূপণ করা। ৩০ মিনিট

- প্রশিক্ষণার্থীদেরকে তিনটি দলে ভাগ করে প্রতি দলে একটি করে শিক্ষক সংস্করণ সরবরাহ করে দলে আলোচনা করে শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য পোস্টার পেপারে লিখতে বলবেন।
- শিক্ষক প্রতি দল থেকে একজনকে দলীয় কাজ উপস্থাপন করতে বলবেন ও আলোচনা করবেন।

কাজ- ৩ : বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণ ব্যবহারের নির্দেশনা ব্যাখ্যা করা। ১৫ মিনিট

- 'শিক্ষক সংস্করণ কীভাবে ব্যবহার করবেন?' প্রশ্নটি প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে করবেন।
- প্রশিক্ষার্থীদের প্রদত্ত উত্তর ও তথ্যপত্র-২ এর আলোকে অংশগ্রহণমূলক আলোচনার মাধ্যমে প্রশিক্ষক বিষয়টি সুস্পষ্ট করবেন।

তৃতীয় অধিবেশন তথ্যপত্র-১

তৃতীয় শ্রেণি

- গদ্যধর্মী লেখা তুলনামূলকভাবে বেশী সংযোজন করা হয়েছে।
- ছবির গল্প দিয়ে (আমাদের বন্ধুরা) প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষার প্রয়োজনীয়তা উপস্থাপন করা হয়েছে।
- প্রায়োগিক ও সৃজনশীলতা বিকাশে সহায়ক অনুশীলনের পর্যাপ্ত সুযোগ রাখা হয়েছে।
- মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্র ভিত্তিক অনুশীলনের সুযোগ রাখা হয়েছে। যেমন – 'চল চল চল' এবং 'স্বাধীনতা দিবসকে ঘিরে' ।
- শিক্ষার্থীর শিখন অনুশীলন ও মূল্যায়নের পর্যাপ্ত সুযোগ রাখা হয়েছে। যেমন – 'আদর্শ ছেলে', 'পাখির কথা', 'পাল্লা দেওয়ার খবর', 'স্বাধীনতা দিবসকে ঘিরে' ইত্যাদি।
- পাঠ্যপুস্তকের বিষয়ে শিক্ষাক্রমে উল্লেখিত শিখনফলের প্রতিফলন ঘটেছে। যেমন – 'নিরাপদে চলাচল', বলা– ১.১, পড়া –২.৮, লেখা – ১.৭ ইত্যাদি।
- ছক পূরণ কর্ম-অনুশীলনে বিষয় এবং সূত্র দিয়ে ছকের পার্থক্য বজায় রেখে শিক্ষার্থীর সক্ষমতা যাচাই করার ব্যবস্থা রাখা হয়েছে। সে সঙ্গে বাস্তব জীবন সম্পৃক্ত কর্ম সম্পাদনের সুযোগও রাখা হয়েছে।
  যেমন – 'পাল্লা দেওয়ার খবর' ইত্যাদি।
- কোনো কোনো পাঠ শিখি অংশে বাক্য গঠন করে দেখানো হয়েছে। তবে শিক্ষার্থী কর্তৃক বাক্য গঠন করার সুযোগ দিয়ে তার সৃজনশীলতাকে কাজে লাগানোর চেষ্টা করা হয়েছে।
- প্রতিটি গল্প/কবিতা কোনো একটি বিশেষ ভাববস্তুকে আশ্রয় করে লেখা হলেও পাশাপাশি অন্য ভাববস্তুও প্রতিফলিত হয়েছে।
- শিক্ষার্থীর পারদর্শিতা যাচাইয়ের লক্ষ্যে বহুবিধ মূল্যায়ন কৌশল ব্যবহৃত হয়েছে।

চতুর্থ শ্রেণি

- গদ্যধর্মী লেখা তুলনামূলকভাবে বেশী সংযোজন করা হয়েছে
- শিক্ষার্থীর জন্য কর্ম-অনুশীলনের সুযোগ রাখা হয়েছে। যেমন, **বড় রাজা ছোট রাজা** গল্পের **পাঠ শিখি ৫**
- শিক্ষার্থীর সৃজনশীলতা বিকাশের জন্য শিক্ষার্থীকর্তৃক ছড়া, কবিতা, গল্প ইত্যাদি লেখার অনুপ্রেরণা দেওয়র ব্যবস্থা রয়েছে। যেমন, **পালকির গান** কবিতার পাঠশিখি ৮।
- কোনো কোনো পাঠ শিখি অংশে বাক্য গঠন করে দেখানো হয়েছে। তবে শিক্ষার্থীকর্তৃক বাক্য গঠন করার সুযোগ দিয়ে তার সৃজনশীলতাকে কাজে লাগানোর চেষ্টা করা হয়েছে।
- পত্র লেখার কর্ম-অনুশীলনে বিষয় এবং সূত্র দিয়ে পত্রের ভিন্নতা রেখে শিক্ষার্থীর যোগ্যতাকে যাচাই করার ব্যবস্থা রাখা হয়েছে। আবার বাস্তব জীবন সম্পৃক্ত সমস্যা সমাধানের সুযোগও রাখা হয়েছে। যেমন, **আজকে আমার ছুটি চাই** এর কর্ম-অনুশীলন অংশ (পাঠশিখি-৪)।
- প্রতিটি গল্প/কবিতা কোনো একটি বিশেষ ভাববস্তুকে আশ্রয় করে লেখা হলেও পাশাপাশি অন্য ভাববস্তুও প্রতিফলিত হয়েছে।
- পাঠ্যপুস্তকের বিষয়ে শিক্ষাক্রমে উল্লেখিত শিখনফলের প্রতিফলন ঘটেছে। যেমন, **আজকে আমার ছুটি চাই** গল্পে লেখার অর্জনোপযোগী যোগ্যতার ৪.২ সহজ ভাষায় চিঠি ও দরখাস্ত লিখতে পারবে।

পঞ্চম শ্রেণি

- গদ্যধর্মী লেখা তুলনামূলকভাবে বেশী সংযোজন করা হয়েছে
- শিক্ষার্থীর জন্য পর্যবেক্ষণভিত্তিক কর্ম-অনুশীলনের সুযোগ রাখা হয়েছে। যেমন, **ভাবুক ছেলেটি** গল্পের **পাঠ শিখি ৬**
- শিক্ষার্থীর প্রশ্ন করার দক্ষতা অর্জনের জন্য **এই দেশ এই মানুষ** বিষয়ে পাঠশিখিতে অনুচ্ছেদ থেকে প্রশ্ন তৈরি করার সুযোগ রাখা রয়েছে।
- কোনো কোনো পাঠ শিখি অংশে বাক্য গঠন করে দেখানো হয়েছে। তবে শিক্ষার্থীকর্তৃক বাক্য গঠন করার সুযোগ দিয়ে তার সৃজনশীলতাকে কাজে লাগানোর চেষ্টা করা হয়েছে।
- জীবনভিত্তিক কর্ম-অনুশীলনের জন্য ফরম পূরণের ব্যবস্থা রাখা হয়েছে। যেমন, **স্বদেশ কবিতার** এর কর্ম-অনুশীলন অংশ (পাঠশিখি-৬)।
- ভিন্ন ভিন্ন কৌশলে মূল্যায়নের ব্যবস্থা রয়েছে।
- পাঠ্যপুস্তকের বিষয়ে শিক্ষাক্রমে উল্লেখিত শিখনফলের প্রতিফলন ঘটেছে। যেমন, **অবাক জলপান** গল্পে শোনার শিখনফল **৩.১.১** নাটকের সংলাপ শুনে বুঝতে পারবে।

উপরিউক্ত পর্যালোচনা থেকে প্রতীয়মান হয় যে, প্রাথমিক স্তরের শিক্ষাক্রম যোগ্যতাভিত্তিক। শিক্ষার্থীরা জানে না যে, কোন বিষয়ে কোন কোন যোগ্যতা তাদের অর্জন করতে হবে। সংশি ষ্ট বিষয়ের যোগ্যতা/শিখনফলের প্রতিফলন পাঠ্যপুস্তকের বিষয়বস্তুতে রয়েছে এবং এ বিষয়বস্ত হচ্ছে শিখনফল বা যোগ্যতার বাহন। কাজেই যে কোন শ্রেণি বা বিষয়ের কোন অধ্যায়ের পাঠ্যাংশ শিক্ষার্থীরা আয়ত্ব করতে পারলে শিখনফল যোগ্যতা আংশিকভাবে অথবা সামগ্রিকভাবে অর্জন করতে পারবে।

তৃতীয় অধিবেশন তথ্যপত্র-২

বাংলা বিষয়ের শিক্ষক সংস্করণ ব্যবহারের নির্দেশনা

১. শিক্ষক শ্রেণিকক্ষে প্রতিদিনের পাঠদানের পূর্বে পূর্ব প্রস্তুতি নিবেন। পূর্ব প্রস্তুতির সময় পাঠটি কয়েকবার পড়বেন।
২. পাঠটির জন্য শিক্ষক সংস্করণের দেওয়া নির্ধারিত যোগ্যতা ও শিখন শেখানো কাজ শিক্ষক অনুসরণ করবেন।
৩. পাঠদানের সময় শিক্ষক বিশেষ প্রয়োজনে কোন একটি পাঠকে একাধিক পিরিয়ডে পড়াতে পারবেন।
৪. শিখন শেখানোর কাজ হবে শিশুদেও অংশগ্রহণমূলক।
৫. শিক্ষক পাঠ্যপুস্তকের ছবিকে উপকরণ হিসেবে ব্যবহার বরবেন।
৬. শিক্ষক পোস্টার, শব্দকার্ড, বাক্যকার্ড, চিত্র ও চিত্রের বই ব্যবহার করতে পারেন।
৭. শিক্ষক চক বোর্ড ব্যবহার করবেন। শিশুদেরও চক বোর্ডে লেখাবেন।
৮. শিক্ষক শ্রেণি কক্ষে প্রবেশ করে যথারীতি কুশল বিনিময় ও শ্রেণি বিন্যাস করবেন। তিনি পাঠের অনুকূল পরিবেশ সৃষ্টি করবেন।
৯. শিশুরা লেখার সময় খাতায় মার্জিন রাখে কী না, যে যে বর্ণে মাত্রা দেওয়া দরকার তা দেয় কী না, শিক্ষক তা দেখবেন
১০. সুন্দর হাতের লেখার জন্য শিশুদের উৎসাহ দিবেন ও প্রশংসা করবেন।
১১. শিক্ষক প্রমিত চলিত ভাষায় কথা বলবেন এবং পাঠ দিবেন। প্রমিত চলিতবাংলা উচ্চারণে শিশুদের অনুশীলন করাবেন।
১২. শিশু শ্রেণি কক্ষে আঞ্চলিক ভাষা ব্যবহার করবেন না।
১৩. যুক্তবর্ণগুলোর গঠন সঠিকভাবে শেখানোর কাজে শিক্ষক যত্নবান হবেন।
১৪. একই সঙ্গে যুক্তবর্ণের গঠন ভেঙ্গে দেখাবেন।
১৫. ভাষা শেখানোর চারটি দক্ষতার (শোনা, বলা, পড়া, লেখা) উপর শিক্ষক সমান গুরুত্ব দিবেন।
১৬. শিক্ষক ছড়াওকবিতা পাঠের সময় ঠিকছন্দ,তাল ও প্রমিত উচ্চারণসহ আবৃত্তি করবেন এবং শিশুদের অনুশীলন করাবেন
১৭. শিক্ষক শ্রেণি কক্ষে বন্ধুত্বপূর্ণ নিরাপদ পরিবেশ গড়ে তুলবেন।
১৮. মূল্যায়নের কাজ করতে হবে পাঠের সঙ্গে সঙ্গে, শিখন শেখানোর সময়। শিক্ষক শ্রেণির কাজ শেষে শিশুদের ধন্যবাদ দিবেন এবং চক বোর্ড মুছে ফেলবেন।
১৯. শিক্ষকতা একটি সৃজনশীল কাজ। শিক্ষক সংস্করণের নির্দেশনার বাইরে প্রয়োজনে শিক্ষক নিজের উদ্ভাবিত সৃজনশীল পদ্ধতি প্রয়োগ করতে পারেন।

চতুর্থ অধিবেশন

দিন- ২য়
বিষয়বস্তু : বাংলা বিষয়ের মূল্যায়ন পদ্ধতি ও কৌশল।
উদ্দেশ্য : ভাষার দক্ষতাভিত্তিক মূল্যায়নের জন্য নির্দেশনা ব্যাখ্যা করা।
সময় : ১.২০ মি. (১১.০০ – ১২.২০)
প্রশিক্ষণ সামগ্রী : মাল্টিমিডিয়া, চার্ট, পোস্টার, মার্কার, সাইনপেন, হোয়াইট বোর্ড, তথ্যপত্র।

কাজ- ১ : মূল্যায়ন সম্পর্কে সাধারণ ও দক্ষতাভিত্তিক নির্দেশনা ব্যাখ্যা করা। ১০ মিনিট

প্রশিক্ষক নিম্নোক্ত প্রশ্নগুলো করতে পারেন–

- মূল্যায়ন কী?
- মূল্যায়নের উদ্দেশ্য কী?
- ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন কী?

প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের তথ্যপত্র-১ সরবরাহ করবেন। প্রশিক্ষক সংক্ষিপ্ত আলোচনার মাধ্যমে ধারণা স্পষ্ট করবেন।

কাজ-২ : ভাষা দক্ষতা পরিমাপের কৌশল শনাক্ত করা ২০ মিনিট

- ভাষা দক্ষতাভিত্তিক চারটি দলে প্রশিক্ষণার্থীদের ভাগ করবেন।
- প্রতিদলকে ভাষাদক্ষতা (শোনা, বলা, পড়া ও লেখা) মূল্যায়নের কৌশল চিহ্নিত করে পোস্টার পেপারে উপস্থাপন করতে বলবেন। প্রতিদলকে একটি দক্ষতার ওপরে কাজ করতে হবে।
- উপস্থাপনের পর প্রশিক্ষক সব দলের উপস্থাপনকে সারসংক্ষেপ করবেন এবং প্রয়োজনীয় পয়েন্ট যোগ করবেন।
- প্রশিক্ষার্থীদেরকে তথ্যপত্র-২ সরবরাহ করবেন।

কাজ- ৩ : ধারাবাহিক মূল্যায়ন কাঠামো : মূল্যায়ন কৌশল, পদ্ধতি, টুলস ও উদাহরণ অনুশীলন ২০ মিনিট

- প্রশিক্ষক ভাষাদক্ষতাভিত্তিক চারটি দলে প্রশিক্ষণার্থীদের ভাগ করবেন।
- চারটি দলে তথ্যপত্র- ৩ সরবরাহ করবেন।
- প্রশিক্ষার্থীরা তথ্যপত্রে দেওয়া ছক অনুযায়ী ভাষাদক্ষতাভিত্তিক মূল্যায়ন কৌশল, টুলস ও উদাহরণ পোস্টার পেপারে লিখবেন। একটি দল ভাষার একটি দক্ষতার ওপর (শোনা, বলা, পড়া ও লেখা) কাজ করবেন।
- দলীয় কাজ উপস্থাপন করতে বলবেন এবং আলোচনার মাধ্যমে ধারণা স্পষ্ট করবেন।

কাজ- ৪ : সামষ্টিক মূল্যায়ন কাঠামো : মূল্যায়ন কৌশল, পদ্ধতি, টুলস ও উদাহরণ অনুশীলন। ২৫ মিনিট

- পূর্বের দল ঠিক রেখে তথ্যপত্র-৪ সরবরাহ করবেন।
- প্রশিক্ষার্থীরা তথ্যপত্রে দেওয়া ছক অনুযায়ী ভাষাদক্ষতাভিত্তিক মূল্যায়ন কৌশল, টুলস ও উদাহরণ পোস্টার পেপারে লিখবেন। একটি দল ভাষার একটি দক্ষতার ওপর (শোনা, বলা, পড়া ও লেখা) কাজ করবেন।
- দলীয় কাজ উপস্থাপন করতে বলবেন এবং আলোচনার মাধ্যমে ধারণা স্পষ্ট করবেন।

কাজ- ৫ : ফলাফল সংরক্ষণ ছক ব্যাখ্যা করা ০৫ মিনিট

- প্রশিক্ষার্থীদেরকে ফলাফল সংরক্ষণ ছক (তথ্যপত্র-৫) সরবরাহ করে অংশগ্রহণমূলক আলোচনার মাধ্যমে বিষয়টি সম্পর্কে ধারণা স্পষ্ট করবেন।
- প্রশিক্ষক চতুর্থ অধিবেশনের সারসংক্ষেপ আলোচনার মাধ্যমে অধিবেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

চতুর্থ অধিবেশন তথ্যপত্র-১

১. ভূমিকা

মানুষের ভাব প্রকাশের মাধ্যম ভাষা । শিশু তার ভাব, চিন্তা ও কল্পনা প্রকাশ করে ভাষার মাধ্যমে। শিশু তার পারিবারিক পরিমন্ডল, চেনাজানার জগৎ, ও তার বিদ্যালয়ের পরিবেশ থেকে্ ক্রমে ক্রমে তার বয়স বাড়ার সঙ্গে ভাষা প্রকাশে অভ্যস্ত হয়ে ওঠে। এভাবে পর্যায়ক্রমে তার শব্দভান্ডারও বৃদ্ধি পায়। শিশুর ভাষা বিকাশের ক্ষেত্র হলো তার মাতৃভাষা। মাতৃভাষা যেমন তার শেখার মাধ্যম তেমনি জীবনের সকল ক্ষেত্রেও তার স্বাভাবিক প্রয়োজনে মাতৃভাষাকেই ব্যবহার করতে হয়।

অন্যদিকে মাতৃভাষা বাংলা রাষ্ট্রেরও ভাষা। বাংলা ব্যতীত অন্যান্য বিষয়ও শিশুকে শিখতে হয় মাতৃভাষা বাংলার মাধ্যমে। সুতরাং এ ভাষা শেখার ভিত্তি যদি দৃঢ় না হয় তবে তার শিখনের ভিত্তিটাই দুর্বল থেকে যায়। এজন্য তার ভাষাদক্ষতাগুলো শুরু থেকে যথাযথ ভাবে শিখতে হবে। অর্থাৎ শিশুর শেখার জন্য শোনা, বলা,পড়া ও লেখা এ চারটি দক্ষতা অর্জন প্রয়োজন। জীবনের সর্বক্ষেত্রে মাতৃভাষার গুরুত্ব রয়েছে। তাই চারটি ভাষিক দক্ষতা অর্জন ও প্রয়োগ শিশু অর্জন করতে পারল কিনা তা যাচাই করা প্রয়োজন।

২. সাধারণ নির্দেশনা

ক. মূল্যায়ন হবে দুই ধরনের । যেমন- ধারাবাহিক ও সামষ্টিক ।

খ. প্রতিটি মূল্যায়নে ভাষার চারটি দক্ষতাই যাচাই করা হবে। যেমন- শোনা, বলা, পড়া ও লেখা।

গ. ধারাবাহিক মূল্যায়ন হলো শিক্ষার্থীর দক্ষতা যাচাইয়ের জন্য শিক্ষকের প্রতিদিনের একটি কাজ। । প্রতিদিন এই মূল্যায়ন চলবে। প্রতিনিয়ত ফিডব্যাক প্রদানের মাধ্যমে সকল শিক্ষার্থীকে একই মানে উন্নীত না করা পর্যন্ত এ মূল্যায়ন অব্যাহত থাকবে। নম্বর প্রদানই এ মূল্যায়নের মূল উদ্দেশ্য নয়। সকল শিক্ষার্থীই প্রায় একই রকম নম্বর প্রাপ্য হবে।

ঘ. ধারাবাহিক মূল্যায়নের মূল উদ্দেশ্য হচ্ছে শিশুর পাঠের দুর্বল দিক চিহ্নিত করে নিরাময়ের ব্যবস্থা গ্রহণ করা। কাজেই চারটি দক্ষতা অর্জনেই সমান গুরুত্ব দিতে হবে।

ঙ. পাঠের প্রকৃতি অনুযায়ী একই সঙ্গে শ্রেণির সকল শিক্ষার্থির ধারাবাহিক মূল্যায়ন সম্পন্ন করা সম্ভব নয় বলে শিক্ষক মনে করলে পর্যায়ক্রমে ধারাবাহিক মূল্যায়ন সম্পন্ন করবেন।

চ. সামষ্টিক মূল্যায়ন অবশ্যই আনুষ্ঠানিক হবে। শোনা, বলা, পড়া ও লেখা সকল ক্ষেত্রেই সবার জন্য প্রশ্নপত্র অভিন্ন হতে হবে। শোনা ও বলার ক্ষেত্রে একই মূল্যায়ন টুলস ব্যবহার করতে হবে।

ছ. সামষ্টিক মূল্যায়নে পরীক্ষা চলাকালীন প্রত্যেক শিক্ষার্থীকে ডেকে নিয়ে শিক্ষক শোনা ও বলার দক্ষতা মূল্যায়ন করবেন। প্রতি পরীক্ষার্থীকে এক থেকে তিন মিনিট সময়ের মধ্যে মূল্যায়ন করা হবে। এজন্য প্রতি রুমে অন্তত দুইজন শিক্ষক পরীক্ষা পরিচালনার দায়িত্বে থাকবেন।

জ. সামষ্টিক মূল্যায়নে শোনা,বলা,পড়া ও লেখা পৃথক করে নম্বর বন্টন করতে হবে। ১ম ও ২য় শ্রেণিতে সামষ্টিক মূল্যায়নের জন্য শোনা ১০, বলা ১০, পড়া ২৫ ও লেখা ১৫ নির্ধারিত রয়েছে।

ঝ. ৩য় ও ৪র্থ শ্রেণিতে ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নে ৩০ ও ৭০ নম্বর নির্ধারিত রয়েছে।

ঞ. ৩য় ও ৪র্থ শ্রেণিতে ধারাবাহিক মূল্যায়নে শোনা, বলা, পড়া ও লেখায় যথাক্রমে ৮, ৭, ৮ ও৭ নম্বর নির্ধারিত রয়েছে।

ট. ৩য় ও ৪র্থ শ্রেণিতে সামষ্টিক মূল্যায়নে পড়ার প্রতি অধিক গুরুত্ব দিয়ে শোনা ১০, বলা ১০, পড়া ৩০ এবং লেখা ২০ নম্বর নির্ধারিত হয়েছে।

ঠ. প্রতি মাসে একবার করে প্রতি প্রান্তিকে অন্তত তিনবার ধারাবাহিক মূল্যায়ন রেকর্ড সংরক্ষণ করতে হবে। প্রতি প্রান্তিকে তিন মাসের প্রাপ্ত নম্বরকে গড় করে সামষ্টিক মূল্যায়নে প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে চুড়ান্ত ফলাফল প্রকাশ করতে হবে।

ড. ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন টুলস ও উদাহরণগুলো নমুনা হিসেবে দেওয়া হয়েছে। শিক্ষক এই নমুনার ভিত্তিতে সকল শ্রেণির সকল পাঠের জন্য টুল্‌স তৈরী করে নেবেন।

ঢ. মূল্যায়ন টুল্‌স অবশ্যই শিক্ষক ও শিক্ষার্থী বান্ধব হতে হবে।

ণ. সমাপনী পরীক্ষা ১০০ নম্বরের পরিবর্তে ৮০ নম্বরের হবে। অবশিষ্ট ২০ নম্বর **১ম** ও ২য় প্রান্তিক পরীক্ষায় (ধারাবাহিক ও সামষ্টিক) প্রাপ্ত নম্বর থেকে গড় করে সমাপনী পরীক্ষার প্রাপ্ত নম্বরের সাথে যোগ হবে।

ত. **"বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের মূল্যায়ন নির্দেশনা"** অনুসরণ পূর্বক মূল্যায়ন (নমনীয়ভাবে) করবেন ।
দ. **"বিশেষ চাহিদা সম্পন্ন "** শিক্ষক দিয়ে শোনা ও বলা দক্ষতা মূল্যায়ন করা যাবেনা।
ধ.স্বাভাবিক অবস্থায় শোনা ও বলা দক্ষতা মূল্যায়ন করতে হবে। যেমন, পান খেতে খেতে কোন শিক্ষক মৌখিক মূল্যায়ন টুল্‌স ব্যবহার করতে পারবেন না।
ন. একই সাথে একজন শিক্ষার্থীর বলা এবং অবশিষ্ট শিক্ষার্থীদের শোনা মূল্যায়ন করলে সময় সাশ্রয় হবে।

৩. নম্বর বিভাজন :

মূল্যায়ন পদ্ধতি ভিত্তিক নম্বর বন্টন নিম্নরুপ :

ধারাবাহিক মূল্যায়ন		**সামষ্টিক মূল্যায়ন**	
শ্রেণি	**নম্বর**	**শ্রেণি**	**নম্বর**
১ম	**৪০**	**১ম**	**৬০**
২য়	**৪০**	**২য়**	**৬০**
৩য়	**৩০**	**৩য়**	**৭০**
৪র্থ	**২০**	**৪র্থ**	**৭০**
৫ম	**-**	**৫ম**	**১০০**
সমাপনী		**সমাপনী**	**(২০ প্রান্তিক + ৮০ সমাপনী)**
১ম প্রান্তিক ও ২য় প্রান্তিক পরীক্ষায় ধারাবাহিক ও সামষ্টিক পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। সমাপনী পরীক্ষা ১০০ নম্বরের পরিবর্তে ৮০ নম্বরের হবে অবশিষ্ট ২০ নম্বর ১ম ও ২য় প্রান্তিক পরীক্ষায় (ধারাবাহিক ও সামষ্টিক) প্রাপ্ত নম্বর থেকে গড় করে সমাপনী পরীক্ষার সাথে যোগ হবে।			

দক্ষতাভিত্তিক নম্বর বন্টন

শ্রেণি	ধারাবাহিক মূল্যায়ন				শ্রেণি	সামষ্টিক মূল্যায়ন			
	শোনা	বলা	পড়া	লেখা		শোনা	বলা	পড়া	লেখা
১ম	১০	১০	১০	১০	১ম	১০	১০	২৫	১৫
২য়	১০	১০	১০	১০	২য়	১০	১০	২৫	১৫
৩য়	৮	৭	৮	৭	৩য়	১০	১০	৩০	২০
৪র্থ	৮	৭	৮	৭	৪র্থ	১০	১০	৩০	২০
৫ম	৫	৫	৫	৫	৫ম	১০	১০	৪০	২০
সমাপনী	-	-	-	-	সমাপনী	--	--	৫০	৩০
	পাঠসংশ্লিষ্ট ভাষাদক্ষতা শিখনফল অনুযায়ী হবে।								

দক্ষতাভিত্তিক মূল্যায়ন নির্দেশনা সমুহ

	শোনা	বলা	পড়া	লেখা		শোনা	বলা	পড়া	লেখা
প্রথম	১০ -বিভিন্ন রকম ধ্বনি ও শব্দ শুনে আলাদা করতে পারা -মনোযোগ, ধৈর্য্য সহকারে শুনতে পারা -শুনে বুঝতে পারা	১০ - স্পষ্টতা, শুদ্ধতা, প্রমিত উচ্চারণ, শ্রবণযোগ্যতা, সঠিক ছন্দে - কথোপকথন, প্রশ্নকরা, অনুভূতি ব্যক্ত করা, বর্ণনা করা -বাচন ভঙ্গি	১০ - ডিকোডিং (পাঠোদ্ধারতা) - শব্দকোষ/ ভাণ্ডার (Vocabulary) - ব্যাকরণ - পড়ে বুঝতে পারা	১০ - এনকোডিং(সংকেতাক্ষরে লিখা) - স্পষ্ট ও সঠিক আকৃতিতে লেখা - শব্দভাণ্ডার (শুদ্ধ বানান, সঠিক শব্দ) - ব্যাকরণ		১০ -বিভিন্ন রকম ধ্বনি ও শব্দ শুনে আলাদা করতে পারা -শুনে বুঝতে পারা	১০ - স্পষ্টতা, শুদ্ধতা, প্রমিত উচ্চারণ, শ্রবণযোগ্যতা, সঠিক ছন্দে - কথোপকথন, অনুভূতি ব্যক্ত করা, বর্ণনা করা	২৫ - ডিকোডিং - শব্দকোষ/ ভাণ্ডার - ব্যাকরণ - পড়ে বুঝতে পারা	১৫ -এনকোডিং - স্পষ্ট ও সঠিক আকৃতিতে লেখা - শব্দভাণ্ডার(শুদ্ধ বানান, সঠিক শব্দ) - ব্যাকরণ
দ্বিতীয়	১০ -বিভিন্ন রকম ধ্বনি ও শব্দ শুনে আলাদা করতে পারা -মনোযোগ , ধৈর্য্য সহকারে শুনতে পারা -শুনে বুঝতে পারা	১০ স্পষ্টতা, শুদ্ধতা, প্রমিত উচ্চারণ, শ্রবণযোগ্যতা, সঠিক ছন্দে - কথোপকথন, প্রশ্নকরা, অনুভূতি ব্যক্ত করা, বর্ণনা করা -বাচন ভঙ্গি	১০ - ডিকোডিং (পাঠোদ্ধারতা) - শব্দকোষ/ ভাণ্ডার - ব্যাকরণ - পড়ে বুঝতে পারা	১০ - এনকোডিং(সংকেতাক্ষরে লিখা) - স্পষ্ট ও সঠিক আকৃতিতে লেখা - শব্দভাণ্ডার (শুদ্ধ বানান, সঠিক শব্দ) - ব্যাকরণ		১০ -বিভিন্ন রকম ধ্বনি ও শব্দ শুনে আলাদা করতে পারা -শুনে বুঝতে পারা	১০ স্পষ্টতা, শুদ্ধতা, প্রমিত উচ্চারণ, শ্রবণযোগ্যতা, সঠিক ছন্দে - কথোপকথন, অনুভূতি ব্যক্ত করা, বর্ণনা করা	২৫ - ডিকোডিং - শব্দকোষ/ ভাণ্ডার - গ্রামার - পড়ে বুঝতে পারা	১৫ -এনকোডিং - স্পষ্ট ও সঠিক আকৃতিতে লেখা - শব্দভাণ্ডার (শুদ্ধ বানান, সঠিক শব্দ) - ব্যাকরণ
তৃতীয়	৮ বিভিন্ন রকম ধ্বনি ও শব্দ শুনে আলাদা করতে পারা -মনোযোগ, ধৈর্য্য সহকারে শুনতে পারা -শুনে বুঝতে পারা	৭ স্পষ্টতা, শুদ্ধতা, প্রমিত উচ্চারণ, শ্রবণযোগ্যতা, সঠিক ছন্দে - কথোপকথন, প্রশ্নকরা, অনুভূতি ব্যক্ত করা, বর্ণনা করা - প্রাসঙ্গিকতা -বাচন ভঙ্গি	৮ - ডিকোডিং - শব্দকোষ/ ভাণ্ডার - গ্রামার - পড়ে বুঝতে পারা	৭ -এনকোডিং - স্পষ্ট ও সঠিক আকৃতিতে লেখা - শব্দভাণ্ডার (শুদ্ধ বানান, সঠিক শব্দ) - ব্যাকরণ - প্রাসঙ্গিকতা -ধারাবাহিকতা		১০ বিভিন্ন রকম ধ্বনি ও শব্দ শুনে আলাদা করতে পারা -শুনে বুঝতে পারা	১০ স্পষ্টতা, শুদ্ধতা, প্রমিত উচ্চারণ, শ্রবণযোগ্যতা, সঠিক ছন্দে - কথোপকথন, অনুভূতি ব্যক্ত করা, বর্ণনা করা - প্রাসঙ্গিকতা -বাচন ভঙ্গি	৩০ - ডিকোডিং - শব্দকোষ / ভাণ্ডার - গ্রামার - পড়ে বুঝতে পারা	২০ -এনকোডিং - স্পষ্ট ও সঠিক আকৃতিতে লেখা - শব্দভাণ্ডার(শুদ্ধ বানান, সঠিক শব্দ) - ব্যাকরণ - প্রাসঙ্গিকতা -ধারাবাহিকতা
চতুর্থ	৮ -মনোযোগ সহকারে শুনতে পারা -শুনে বুঝতে পারা	৭ স্পষ্টতা, শুদ্ধতা, প্রমিত উচ্চারণ, শ্রবণযোগ্যতা, সঠিক ছন্দে - কথোপকথন,	৮ - ডিকোডিং - শব্দকোষ/ ভাণ্ডার - গ্রামার - পড়ে বুঝতে পারা	৭ -এনকোডিং - স্পষ্ট ও সঠিক আকৃতিতে লেখা - শব্দভাণ্ডার (শুদ্ধ বানান,		১০ -মনোযোগ সহকারে শুনতে পারা -শুনে বুঝতে পারা	১০ স্পষ্টতা, শুদ্ধতা, প্রমিত উচ্চারণ, শ্রবণযোগ্যতা, সঠিক ছন্দে -	৩০ - ডিকোডি-শব্দকোষ / ভাণ্ডার - গ্রামার - পড়ে বুঝতে	২০ -এনকোডিং - স্পষ্ট ও সঠিক আকৃতিতে লেখা - শব্দভাণ্ডার (শুদ্ধ বানান,

		প্রশ্নকরা, অনুভূতি ব্যক্ত করা, বর্ণনা করা - প্রাসঙ্গিকতা -বাচনভঙ্গি		সঠিক শব্দ) - ব্যাকরণ - প্রাসঙ্গিকতা -ধারাবাহিকতা			কথোপকথন, অনুভূতি ব্যক্ত করা, বর্ণনা করা - প্রাসঙ্গিকতা -বাচনভঙ্গি	পারা	সঠিক শব্দ) - ব্যাকরণ - প্রাসঙ্গিকতা -ধারাবাহিকতা
৫ম	৫ **-মনোযোগ, ধৈর্য্য সহকারে শুনতে পারা** **-শুনে বুঝতে পারা**	৫ স্পষ্টতা, শুদ্ধতা, প্রমিত উচ্চারণ, শ্রবণযোগ্যতা, সঠিক ছন্দে - কথোপকথন, প্রশ্নকরা, অনুভূতি ব্যক্ত করা, বর্ণনা করা - প্রাসঙ্গিকতা -বাচন ভঙ্গি	৫ - ডিকোডিং - শব্দকোষ/ ভাণ্ডার - গ্রামার - পড়ে বুঝতে পারা	৫ -এনকোডিং - স্পষ্ট ও সঠিক আকৃতিতে লেখা - শব্দভাণ্ডার (শুদ্ধ বানান, সঠিক শব্দ) - ব্যাকরণ - প্রাসঙ্গিকতা -ধারাবাহিকতা		১০ **-মনোযোগ, ধৈর্য্য সহকারে শুনতে পারা** **-শুনে বুঝতে পারা**	১০ স্পষ্টতা, শুদ্ধতা, প্রমিত উচ্চারণ, শ্রবণযোগ্যতা, সঠিক ছন্দে - কথোপকথন, প্রশ্নকরা, অনুভূতি ব্যক্ত করা, বর্ণনা করা - প্রাসঙ্গিকতা -বাচন ভঙ্গি	৪০ - ডিকোডিং - শব্দকোষ / ভাণ্ডার - গ্রামার - পড়ে বুঝতে পারা	২০ -এনকোডিং - স্পষ্ট ও সঠিক আকৃতিতে লেখা - শব্দভাণ্ডার (শুদ্ধ বানান, সঠিক শব্দ) - ব্যাকরণ - প্রাসঙ্গিকতা -ধারাবাহিকতা
সমাপনী	১ম প্রান্তিক ও ২য় প্রান্তিক পরীক্ষায় ধারাবাহিক ও সামষ্টিক পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। সমাপনী পরীক্ষা ১০০ নম্বরের পরিবর্তে ৮০ নম্বরের হবে অবশিষ্ট ২০ নম্বর ১ম ও ২য় প্রান্তিক পরীক্ষায় (ধারাবাহিক ও সামষ্টিক) প্রাপ্ত নম্বর থেকে গড় করে সমাপনী পরীক্ষার সাথে যোগ হবে।					-	-	৫০	৩০

চতুর্থ অধিবেশন তথ্যপত্র-২

ভাষা দক্ষতা পরিমাপের (ধারাবাহিক মূল্যায়ন - CPA) কৌশল

শোনা

- আদেশ/ নির্দেশ শুনিয়ে পালন করতে দিয়ে।
- গল্প/গল্পের অংশ শুনিয়ে প্রশ্ন করে তার উত্তর বলতে ও লিখতে দিয়ে।
- নাটিকা ও নাট্যাংশ শুনিয়ে প্রশ্ন করে তার উত্তর বলতে ও লিখতে দিয়ে।
- রেডিও, টিভি ও ক্যাসেট শুনিয়ে প্রশ্ন করে তার উত্তর বলতে ও লিখতে দিয়ে।
- কথোপকথন/ বক্তৃতা শুনিয়ে প্রশ্ন করে তার উত্তর বলতে ও লিখতে দিয়ে।
- কোনো কিছু শুনিয়ে তার উপর কোনো কাজ সম্পাদন করতে দিয়ে।

উদাহরণ

দক্ষতা: শোনা

প্রান্তিক যোগ্যতা-২: কবিতা, রূপকথা, গল্প ইত্যাদি শ্রুতিগ্রাহ্য সাহিত্য শুনে বুঝতে পারা ও আনন্দ লাভ করা।

অর্জন উপযোগী যোগ্যতা- ২.২: গল্প শুনে বুঝতে পারবে ।

শিখনফল: ২.২.১ গল্প শুনে বুঝতে পারবে।

নির্দেশনা: আমি গল্পটি তোমাদের দু'বার পড়ে শুনাব । তোমরা মনোযোগ দিয়ে শুনবে । তারপর তোমাদের কতগুলো প্রশ্ন করব। প্রশ্নগুলোর সঠিক উত্তর দিতে হবে।

একদিন একটি পিঁপড়ে পুকুরে পানি খেতে গেল। হঠাৎ একটি ঢেউ এসে পিঁপড়েকে ভাসিয়ে নিল। পুকুর পাড়ে জামের ডালে বসে ছিল একটি ঘুঘু। পিঁপড়াকে ভাসতে দেখে ঘুঘু একটি পাতা পানিতে ফেলে দিল। পিঁপড়ে পাতায় চড়ে তীরে উঠে এলো। তারপর এক দিন এক শিকারী ঘুঘুটিকে তীর ছুড়তে গেল। পিঁপড়ে তা দেখা মাত্রই তার পায়ে কামড় বসিয়ে দিল। তীর গেল বেঁকে। প্রাণে বেঁচে গেল ঘুঘুটি।

১. কার পানির পিপাসা পেয়েছিল ?
২. পিঁপড়ে পুকুরে গেল কেন ?
৩. পিঁপড়ে কেমন করে পুকুরে পাড়ে গিয়াছিল ?
৪. এ গল্পটি থেকে আমরা কী শিখতে পারি ?
৫. এ গল্পের একটি নাম দাও।

বলা

- প্রশ্ন করতে ও উত্তর বলতে দিয়ে
- ছবি/চিত্রের বিষয়বস্তু বলতে বা প্রশ্ন করে উত্তর বলতে দিয়ে
- গল্প শুনে বলতে দিয়ে
- গল্পভিত্তিক প্রশ্নের উত্তর বলতে দিয়ে
- ছবি/চিত্র সাজিয়ে গল্প বলতে দিয়ে

- ছবি/চিত্র দেখে সংলাপ বলতে দিয়ে
- অভিজ্ঞতা বর্ণনা করতে দিয়ে
- নির্দেশ প্রদান / অনুরোধ করতে দিয়ে
- ছড়া/কবিতা আবৃত্তি করতে দিয়ে
- নিজের সম্পর্কে বলতে দিয়ে
- ধারাবাহিক গল্প বলতে দিয়ে
- উপস্থিত বক্তৃতা করতে দিয়ে
- নির্ধারিত বক্তৃতা করতে দিয়ে
- উপস্থাপন করতে দিয়ে
- খবর পাঠ করতে দিয়ে

উদাহরণ

দক্ষতা: বলা

প্রান্তিক যোগ্যতা- ২: ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি বুঝে বলতে পারা।

অর্জন উপযোগী যোগ্যতা- ২.৫: কথোপকথনে অংশগ্রহণ করতে ও বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে ।

শিখনফল: ২.৫.১, কথোপকথনে অংশগ্রহণ করতে পারবে ।

বিষয়বস্তু: সাক্ষাৎকার

- তোমার নাম কী?
- তুমি সকালে ঘুম থেকে উঠে কী কী কাজ কর ?
- তোমার বাংলা শিক্ষকের নাম কী ?
- তুমি যে বিষয়গুলো পড় তার মধ্যে কোন বিষয়টি তোমার ভালো লাগে?
- কেন ভালো লাগে?

দক্ষতা: বলা

প্রান্তিক যোগ্যতা- ২: ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি বুঝে বলতে পারা।

অর্জন উপযোগী যোগ্যতা- ২.৩ ছবি দেখে গল্প বলতে পারবে।

শিখনফল: ২.৩.১ ছবি দেখে বাক্য বলতে পারবে।

নির্দেশনা: নিচের ছবিটি দেখ ছবির পাখি সম্পর্কে তুমি যা জান বল:



পড়া

- কোনো বিষয়বস্তু পড়তে দিয়ে
- পড়ার সময় উচ্চারণ, সাবলীলতা, গতি পরিমাপ করে
- শুদ্ধতা, শ্রবণযোগ্যতা যাচাই করে
- পড়ার বিষয়ে প্রশ্নের উত্তর বলতে ও লিখতে দিয়ে
- নির্দেশনামূলক পড়ার বিষয়বস্তু পড়ে তা সম্পাদন করতে দিয়ে
-

উদাহরণ

দক্ষতা: পড়া

প্রান্তিক যোগ্যতা- ২: ছড়া, কবিতা, রূপকথা, গল্প,কথোপকথন, বর্ণনা ইত্যাদি পড়ে মূলভাব বুঝতে পারা।

অর্জন উপযোগী যোগ্যতা- ২.৪: গল্প ও উপকথা পড়ে বুঝতে পারবে।

শিখনফল: ২.৪.৩ রূপকথা পড়তে পারবে।

নির্দেশনা: গল্পটি মন দিয়ে পড়। তারপর নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

অনেক দিন আগের কথা। কয়েক জন নাবিক জাহাজে চড়ে সমুদ্র যাত্রা শুরচ করল। গভীর সমুদ্রে তাদের জাহাজ ঝড়ে ডুবে গেল। ভাসতে ভাসতে তাদের কয়েক জন একটি প্রাণহীন দ্বীপে এসে ঠেকল। তাদের কাছে ছিল বিভিন্ন ধরনের গাছের বীজ। তারা বীজ বপন করল, গাছ হলো, গাছ বড় হলো, ফুল হলো। ভোমর এলো, পাখি এলো। গাছে ফল হলো। সবুজে সবুজে ছেয়ে গেল দ্বীপ। নাবিকেরা নোঙর ফেলতে শুরচ করল। তারা দ্বীপের রাজা হলো । সুখে শান্তিতে বসবাস করতে লাগল ।

১. জাহাজ কীভাবে ডুবে গিয়েছিল?

ক. ইঞ্জিন বিকল হয়ে

খ. ঝড়ে পড়ে

গ. ধাক্কা খেয়ে

ঘ. কাত হয়ে পরে।

২. প্রাণহীন দ্বীপে প্রাণীর আগমণে কার অবদান সবচেয়ে বেশি ?

ক. মানুষের

খ. নাবিকের

গ. গাছপালার

ঘ. জাহাজের

৩. তাদের কাছে বীজ না থাকলে কী হতো ?

ক. অন্যত্র চলে যেত

খ. মারা যেত

গ. মাছ মেরে খেত

ঘ. রাজা হতে পারত না

লেখা

- কোনো শব্দ বা বাক্য লিখতে দিয়ে তা অনুশীলন করানো।
- কতগুলো নির্দিষ্ট শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করতে দেওয়া।
- সুনির্দিষ্ট তথ্য জানতে প্রশ্নোত্তর লিখতে দেওয়া।
- এলোমেলো শব্দ/বাক্য সাজিয়ে লিখতে দেওয়া।
- সুন্দর লেখার অনুকরণে হাতের লেখা লিখতে দেওয়া।

উদাহরণ

দক্ষতা: লেখা

প্রান্তিক যোগ্যতা- ৩: পর্যবেক্ষণ, অভিজ্ঞতা ও মনোভাব ইত্যাদি শুদ্ধ ও স্পষ্ট ভাষায় লিখে প্রকাশ করতে পারা।

অর্জন উপযোগী যোগ্যতা- ৩.১ ছবি দেখে দৃষ্ট বিষয়ে লিখতে পারবে।

শিখনফল: ৩.১.১ ছবি দেখে দৃষ্ট বিষয়ে লিখতে পারবে।

নির্দেশনা: নিচের ছবিটি ভালো করে দেখ। তারপর ছবিটি সম্পর্কে ৫টি বাক্য লেখ।



১.

২.

৩.

৪.

৫.

শিক্ষার্থীর ধারাবাহিক মূল্যায়নের পাশাপাশি গাঠনিক ও চূড়ান্ত মূল্যায়নকেও দক্ষতাভিত্তিক করা হয়েছে। নিম্নে প্রদত্ত ছকে এটি প্রদর্শন করা হলো-

শ্রেণি	গাঠনিক মূল্যায়ন							মোট নম্বর
	ভাষা দক্ষতা		শূন্যস্থান পূরণ	মিলকরণ	বহুনির্বাচনী নৈর্ব্যক্তিক প্রশ্ন(MCQ)	সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন	বর্ণনামূলক প্রশ্ন	
	শোনা	বলা						
প্রথম	১০	১০	১০	১০	-	৪০	-	৮০
দ্বিতীয়	১০	১০	১০	১০	-	৩০	১০	৮০
তৃতীয়	১০	১০	৫	৫	১০	২০	২০	৮০
চতুর্থ	১০	১০	৫	৫	১০	২০	২০	৮০
পঞ্চম			৫	৫	২০	৪০	৩০	১০০

চতুর্থ অধিবেশন তথ্যপত্র-৩

৪. ধারাবাহিক মূল্যায়ন কাঠামো : মূল্যায়ন কৌশল, পদ্ধতি, টুলস ও উদাহরণ

শ্রেণি : প্রথম থেকে পঞ্চম **ভাষাদক্ষতা : শোনা**

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
ক. বিভিন্ন রকম ধ্বনি ও শব্দ শুনে আলাদা করতে পারা খ. মনোযোগ, ধৈর্য্য সহকারে শুনতে পারা গ.শুনে বুঝতে পারা	১ম থেকে ৫ম শ্রেণির শিশুর শোনা দক্ষতা যাচাইয়ের জন্য যে সকল বিষয় বিবেচনা করতে হবে তা হলো- ক. শিশু বিভিন্ন রকম শব্দ শুনে ধ্বনি আলাদা করতে পারছে কিনা এবং শিশু বিভিন্ন রকম বাক্য শুনে শব্দ আলাদা করতে পারছে কিনা খ. শিশু মনোযোগ সহকারে শুনছে কিনা এবং শিশু ধৈর্য্য সহকারে শুনছে কিনা গ. শিশু শুনে বুঝতে পারছে কিনা	মৌখিক পর্যবেক্ষণ ও লিখিত	ক. মৌখিক চেকলিস্ট: বর্ণ/শব্দ/বাক্য তালিকা যেমন শব্দ তালিকা- অজ, আম, অলি, ইলিশ খ. পর্যবেক্ষণ চেকলিস্ট: আদেশ মূলক বাক্য, যেমন দাঁড়াও, এগিয়ে এসো ছড়া আবৃত্তি যেমন, আতা গাছে তোতা পাখি গ. প্রশ্নপত্র বা চিত্র: প্রশ্ন তালিকা যেমন, রাজার কয়জন কন্যা ছিল? তার ছোট কন্যার নাম কি ? বড় কন্যা তাকে কি রকম ভালোবাসে?	ক-১. শিক্ষক কোন ধ্বনি/বর্ণ/শব্দ/বাক্য সঠিক উচ্চারণে বলবেন অথবা সিডি হতে শোনাবেন। শিক্ষার্থী তা শুনে সঠিকভাবে লিখতে বা বলতে পারল কিনা শিক্ষক তা যাচাই করে মূল্যায়ন করবেন।ক-২: কার চিহ্নযুক্ত শব্দ যেমন কাকা, খুকু, নানি ইত্যাদি শব্দ বোর্ডে লিখে শিক্ষার্থীদের নিকট হতে কারচিহ্ন পৃথক করতে বলবেন। খ-১: শিক্ষক কোন একটি ছড়া নিজে এক লাইন বাদ দিয়ে পড়বেন। শিক্ষার্থীরা তার এই ইচ্ছাকৃত ভুল ধরতে পারলে বুঝতে পারা যাবে তার মনোযোগ ছিল। খ-২. শিক্ষক নিজে অথবা কোন শিক্ষার্থীকে দিয়ে একটি ছড়া আবৃত্তি করবেন। এ সময় অন্য শিক্ষার্থীরা তা শুনে কী ধরনের অভিব্যক্তি ব্যক্ত করছে শিক্ষক পর্যবেক্ষণ করে মূল্যায়ন করবেন। খ-৩: পাঁচ/ছয়জনের গ্রুপ করে চেইন ড্রিল এর মাধ্যমে শিক্ষক শিক্ষার্থীদেরকে পরের লাইন আবৃত্তি করতে বলবেন। এতে শিক্ষার্থীদের মনোযোগ ও ধৈর্য সহ শোনার দক্ষতা যাচাই করা যাবে। এখানে নম্বর প্রদান মুখ্য নয় বরং কোন গ্রুপ বা গ্রুপের কোন সদস্য আবৃত্তি করতে না পারলে তাকে পুনরায় চর্চার সুযোগ দিয়ে শোনা দক্ষতা অর্জন করাতে হবে। গ-১. শিক্ষক নিজে অথবা শিক্ষার্থীদের দ্বারা কিংবা অডিও-ভিডিও টুল ব্যবহার করে একটি শ্রুতি সকল শিক্ষার্থীদের শুনিয়ে তারা কি বুঝলো তা শিক্ষার্থীদের লিখতে দিয়ে, কিংবা বলতে দিয়ে শুনে বুঝতে পারার দক্ষতা যাচাই করতে পারেন। শিক্ষক বিভিন্ন রকম ধ্বনি উচ্চারণ করবেন যেমন, মা-মা-মা; শিক্ষার্থীরা সহপাঠীদের মধ্যে কার নাম "মা " ধ্বনি দিয়ে শুরু(মায়েশা, মামুন) বলবে/লিখবে। -একই উদাহরণ হতে বলা, পড়া ও লেখা দক্ষতাও যাচাই করা যেতে পারে।

শ্রেণি : প্রথম থেকে পঞ্চম **ভাষাদক্ষতা : বলা**

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
-ক.স্পষ্টতা, শুদ্ধতা, প্রমিত উচ্চারণ, খ.শ্রবণযোগ্যতা, সঠিক ছন্দে -গ.কথোপকথন, প্রশ্নকরা, অনুভূতি ব্যক্ত করা, বর্ণনা করা ঘ.বাচন ভঙ্গি	১ম থেকে ৫ম শ্রেণির শিশুর বলা দক্ষতা যাচাইয়ের জন্য যে সকল বিষয় বিবেচনা করতে হবে তা হলো- ক. শিশু স্পষ্ট, শুদ্ধ, প্রমিত উচ্চারণ, শ্রবণযোগ্য স্বর এবং সঠিক ছন্দে উচ্চারণ করতে পারছে কিনা খ. শিশু ক্লাসে কথোপকথন এবং প্রশ্ন করছে কিনা, অনুভূতি ব্যক্ত করছে কিনা এবং কোন বিষয় বর্ণনা করতে পারছে কিনা গ. বলার ক্ষেত্র প্রাসঙ্গিক কিনা ঘ. তার বাচন ভঙ্গি যথাযথ কিনা	মৌখিক পর্যবেক্ষণ ও লিখিত	ক. মৌখিক মূল্যায়ন নির্দেশনা/ চেকলিস্ট: বর্ণ তালিকা যেমন, অ,আ,ই,ঈ শব্দ তালিকা যেমন, অজ, আম, ইলিশ, অলি বাক্য তালিকা যেমন, অজ আসে, আম খাই খ. পর্যবেক্ষণ চেকলিস্ট: নির্ধারিত ছড়া বা গল্পের অংশ বিশেষ গ. প্রশ্নপত্র, চিত্র	ক-১. শিক্ষক প্রমিত উচ্চারণে এক বা একাধিক বর্ণ/শব্দ/বাক্য বলবেন এবং শিক্ষার্থীরা তা শুনে বলবে। ক-২: শিক্ষার্থী নিজের বা চারপাশের কোন বিষয় সম্পর্কে বলবে। খ. শিক্ষার্থী কবিতা সঠিক উচ্চারণ ও ছন্দে আবৃত্তি করবে এবং শিক্ষক তার অনুভূতি ও বাচনভঙ্গি পর্যবেক্ষণ করবেন। গ-১: শিক্ষক কোন পাঠ্যাংশ পড়তে দিয়ে তার উপরে কিছু নির্ধারিত প্রশ্ন করবেন এবং শিক্ষার্থী জবাব দেবে। এভাবে তার বলা দক্ষতা মূল্যায়ন করা হবে। গ-২: শিক্ষক বিভিন্ন ধরনের চার্ট/চিত্র উপস্থাপন করে শিক্ষার্থীদের সে সম্পর্কে বলতে বলবেন। একই কার্যক্রম দিয়ে একাধিক দক্ষতা যাচাই করা যেতে পারে।)

শ্রেণি : প্রথম থেকে পঞ্চম **ভাষাদক্ষতা : পড়া**

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
ক. ডিকোডিং (পাঠোদ্ধারতা) খ. শব্দ ভাণ্ডার - ব্যাকরণ - পড়ে বুঝতে পারা	১ম থেকে ৫ম শ্রেণির শিশুর পড়া দক্ষতা যাচাইয়ের জন্য যে সকল বিষয় বিবেচনা করতে হবে তা হলো- ক. শিক্ষার্থীর পাঠ সংশ্লিষ্ট বিষয়বস্তু বা এর সমমানের বিষয় নীরবে পড়ে তার মূল বিষয়/ ভাবার্থ জানতে ও বুঝতে পারছে কিনা। খ. শিক্ষার্থীর পাঠসংশ্লিষ্ট বিষয়বস্তু বা এর সমমানের বিষয় নীরবে পড়ে শব্দ/বাক্যের অর্থ জানতে পারছে কিনা । গ. শিক্ষার্থীরা পাঠসংশ্লিষ্ট বিষয়বস্তু বা এর সমমানের বিষয়বস্তু পড়ে এর ব্যাকরণ,	মৌখিক পর্যবেক্ষণ ও	ক.মৌখিক মূল্যায়ন নির্দেশনা/ চেকলিস্ট: নির্ধারিত পাঠ্যাংশ যেমন, বাগানের চারপাশে বেড়া--------সাদা ফুল ঝরে পড়ে। খ.পর্যবেক্ষণ চেকলিস্ট : নির্ধারিত পাঠ্যাংশ যেমন- বাগানের চারপাশে বেড়া--------সাদা ফুল ঝরে পড়ে। গ. প্রশ্নপত্র, চিত্র: বিপরীত শব্দ যেমন- মা, ধনী, রাত সমার্থক -শব্দ: যেমন চাঁদ, ধরণী	ক. শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের নির্ধারিত কোন পাঠ্যাংশ /পড়তে দেবেন এবং তার উপর মৌখিক বা লিখিত প্রশ্ন করবেন। শিক্ষার্থী সে প্রশ্নের মৌখিক/লিখিত জবাব প্রদান করবে। খ. শিক্ষক পাঠ্যপুস্তকের কোন পাঠ্যাংশ/সমমানের বই পড়তে দিয়ে শিক্ষার্থীদের বিভিন্ন গ্রুপে ভাগ করবেন। তারা পরস্পর প্রশ্ন করবে এবং উত্তর দিবে এবং শিক্ষক বিষয়টি পর্যবেক্ষণ করে মূল্যায়ন করবেন। গ. শিক্ষক পাঠ্যপুস্তক থেকে কয়েকটি শব্দ বোর্ডে লিখে দিয়ে শিক্ষার্থীদের এর অর্থ /বিপরিত শব্দ/সমার্থক শব্দ/বাক্য রচনা করতে বলবেন। একই কার্যক্রম দিয়ে অন্যান্য দক্ষতাও যাচাই করা

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
	বাক্যগঠন বুঝতে পারছে কিনা ।	লিখিত		যেতে পারে।

শ্রেণি : প্রথম থেকে পঞ্চম **ভাষাদক্ষতা : লেখা**

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
ক.এনকোডিং খ. স্পষ্ট ও সঠিক আকৃতিতে লেখা গ. শব্দকোষ/ শব্দ ভাণ্ডার (শুদ্ধ বানান, সঠিক শব্দ) ঘ.ব্যাকরণ/ভাষিক কাজ ঙ.প্রাসঙ্গিকতা চ.ধারাবাহিকতা	১ম থেকে ৫ম শ্রেণির শিশুর লেখার দক্ষতা যাচাইয়ের জন্য যে সকল বিষয় বিবেচনা করতে হবে তা হলো- ক. শিক্ষার্থী যে বিষয়ে লিখবে/ লিখতে দেওয়া হবে সে বিষয়ে পূর্ব ধারনা লেখার মাধ্যমে প্রকাশ করতে পারছে কিনা । খ. বর্ণ ও সংখ্যা পড়ে শিক্ষার্থীরা লিখতে পারছে কিনা। গ. শিক্ষার্থীর লেখাতে বিষয় সংশ্লিষ্ট শব্দ ব্যবহার করতে পারছে কিনা । ঘ. কর্তা, ক্রিয়া এর ধারাবাহিকতা এবং ব্যাকরণ ঠিক রেখে বাক্য লিখতে পারছে কিনা ।ঙ. শিক্ষার্থী যে বিষয়ে লিখবে/ লিখতে দেওয়া হবে তা প্রাসঙ্গিকভাবে লিখতে পারছে কিনা । চ. শিক্ষার্থী যে বিষয়ে লিখবে/ লিখতে দেওয়া হবে তা ধারাবাহিকভাবে লিখতে পারছে কিনা |	মৌখিক পর্যবেক্ষণ ও লিখিত	ক.মৌখিক মূল্যায়ন নির্দেশনা/ চেকলিস্ট: নির্ধারিত বিষয় যেমন, আমার মা। খ.পর্যবেক্ষণ চেকলিস্ট : শব্দ তালিকা যেমন, আম, ঈগল, উট গ. প্রশ্নপত্র, চিত্র: পাঠ্য বইয়ের নির্ধারিত পাঠ্যাংশ বা চিত্র	ক. শিক্ষার্থীকে তার চারপাশের পরিবেশ হতে নির্ধারিত বিষয় বলে বা বোর্ডে লিখে দিয়ে সে সম্পর্কে কিছু লিখতে দিয়ে মূল্যায়ন করবেন। খ. শিক্ষক বর্ণ/শব্দ/বাক্য সঠিক উচ্চারণে বলবেন, শিক্ষার্থী তা লিখবে এবং শিক্ষক সার্বিক বিষয় পর্যবেক্ষণ করবেন। খ-১: শিক্ষক ছবি প্রদর্শন করবেন এবং শিক্ষার্থি তার উপর কয়েক লাইন লিখবে। ক ও খ. একই/ভিন্ন বিষয়ে বিভিন্ন দলে শিক্ষার্থীদের বিভক্ত করে প্রত্যেককে কিছু লিখতে বলবেন। একদল অপর দলের মূল্যায়ন করবে এবং শিক্ষক বিষয়টি পর্যবেক্ষণ করবেন। গ. শিক্ষক শিক্ষার্থীদের কোন একটি পাঠ্যাংশ/চার্ট/চিত্র উপস্থাপন করে তার উপরে কিছু লিখতে বলবেন। শিক্ষক প্রাসঙ্গিকতা ও ধারাবাহিকতা যাচাই করবেন। একই কার্যক্রম দিয়ে একাধিক দক্ষতা যাচাই করা যেতে পারে।

চতুর্থ অধিবেশন তথ্যপত্র-৪

৫. সামষ্টিক মূল্যায়ন কাঠামো

- শোনা ও বলা দক্ষতা মূল্যায়ন

একটি প্রান্তিকে ধারাবাহিকে যে সকল পাঠ আলোচনা করা হয়েছে সেই পাঠের মধ্য থেকে শিক্ষক কতকগুলি প্রশ্ন নির্ধারণ করে নিবেন। অতপর পরীক্ষা চলাকালীন শিক্ষক প্রতি শিক্ষার্থীকে ডেকে নিয়ে প্রশ্ন করবেন শিক্ষার্থী উত্তর দিবে। এতে তার শোনা ও বলা দক্ষতা যাচাই হয়ে যাবে। প্রতি শিক্ষর্থীকে সর্বোচ্চ ৩মিনিট সময় বরাদ্দ করা যেতে পারে।

- পড়া দক্ষতা: পেপার পেন্সিল টেষ্টের মাধ্যমে যাচাই করা হবে। এ ক্ষেত্রে প্রশ্নের ধরন এমসিকিউ, সত্যমিথ্যা, শূণ্যস্থান পূরণ, একটি অনুচ্ছেদ পড়ে সংক্ষিপ্ত উত্তর দেয়া ইত্যাদি হতে পারে।

- লেখা দক্ষতা : পেপার পেন্সিল টেস্ট।

সামষ্টিক মূল্যায়ন কাঠামো

শ্রেণি : প্রথম থেকে পঞ্চম **ভাষাদক্ষতা : শোনা**

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
ক. বিভিন্ন রকম ধ্বনি ও শব্দ শুনে আলাদা করতে পারা খ. মনোযোগ, ধৈর্য্য সহকারে শুনতে পারা গ.শুনে বুঝতে পারা	১ম থেকে ৫ম শ্রেণির শিশুর শোনা দক্ষতা যাচাইয়ের জন্য যেসকল বিষয় বিবেচনা করতে হবে তা হলো- ক. শিশু বিভিন্ন রকম শব্দ শুনে ধ্বনি আলাদা করতে পারছে কিনা এবং শিশু বিভিন্ন রকম বাক্য শুনে শব্দ আলাদা করতে পারছে কিনা খ. শিশু মনোযোগ সহকারে শুনছে কিনা এবং শিশু ধৈর্য্য সহকারে শুনছে কিনা গ. শিশু শুনে বুঝতে পারছে কিনা	মৌখিক পর্যবেক্ষণ ও লিখিত	ক. মৌখিক ও পর্যক্ষেণ চেকলিস্ট: বর্ণ/শব্দ/বাক্য তালিকা যেমন, ই,ব, ভ, স, ঋ, ম খ. পর্যবেক্ষণ চেকলিস্ট: নির্ধারিত ছড়া যেমন, বাক বাকুম পায়রা --- --- চড়বে সোনার পালকি। গ. প্রশ্নপত্র বা চিত্র: প্রশ্ন তালিকা যেমন, আমরা কখন ঘুম থেকে উঠি ? নদির জলে কি চলে ?	ক-১. শিক্ষার্থী বর্ণ শূনে শব্দ বলতে পারছে কিনা শিক্ষক তা মূল্যায়ন করবেন। ক-২. শিক্ষক সকল পরীক্ষার্থিকে পাঠ্য বইয়ের অন্তর্গত একটি গল্প বা প্রবন্ধ বা কবিতা বলবেন এবং তা থেকে একটি বিষয় সকল শিক্ষার্থিকে মনে রাখতে বলবেন। যেমন, এই গল্পটিতে কতটি ফুলের নাম বলা হয়েছে মনে রাখবে। খ. মাঝের কোন শব্দ বাদ দিয়ে কিংবা ইচ্চাকৃত ভুল করে। শিক্ষক একজন করে শিক্ষার্থিকে ডেকে একটি কবিতা নিজে আবৃতি করে শোনাবেন। শিক্ষার্থী শুনে সঠিকভাবে বলতে পারে কিনা তা শিক্ষক পর্যবেক্ষণ করে মূল্যায়ন করবেন। গ. শিক্ষক কিছু প্রশ্ন করবেন, শিক্ষার্থি তা শুনে বলতে পারছে কিনা তা শুনে মূল্যায়ন করবেন। -একই উদাহরণ হতে বলা, পড়া ও লেখা দক্ষতাও যাচাই করা যেতে পারে।

শ্রেণি : প্রথম থেকে পঞ্চম **ভাষাদক্ষতা : বলা**

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
-ক.স্পষ্টতা, শুদ্ধতা, প্রমিত উচ্চারণ, খ.শ্রবণযোগ্যতা, সঠিক ছন্দে -গ.কথোপকথন, প্রশ্নকরা, অনুভূতি ব্যক্ত করা, বর্ণনা করা ঘ.বাচন ভঙ্গি	১ম থেকে ৫ম শ্রেণির শিশুর বলা দক্ষতা যাচাইয়ের জন্য যে সকল বিষয় বিবেচনা করতে হবে তা হলো- ক. শিশু স্পষ্ট, শুদ্ধ, প্রমিত উচ্চারণ, শ্রবণযোগ্য স্বর এবং সঠিক ছন্দে উচ্চারণ করতে পারছে কিনা খ. শিশু ক্লাসে কথোপকথন এবং প্রশ্ন করছে কিনা, অনুভূতি ব্যক্ত করছে কিনা এবং কোন বিষয় বর্ণনা করতে পারছে কিনা গ. বলার ক্ষেত্র প্রাসঙ্গিক কিনা ঘ. তার বাচন ভঙ্গি যথাযথ কিনা	মৌখিক পর্যবেক্ষণ ও লিখিত	ক. মৌখিক মূল্যায়ন নির্দেশনা/ চেকলিস্ট : শব্দ তালিকা যেমন, একতারা, অলি,মিঞা, শসা, ষাঁড়। খ. পর্যবেক্ষণ চেকলিস্ট : বাছাইকৃত কবিতা আবৃত্তি গ. প্রশ্নপত্র: প্রশ্ন তালিকা যেমন-১. বাঘ কেন বনে যেতে চাইল ? ২. ঊর্মি কোথায় দোলে? ৩.ব্যাঙ কিভাবে ডাকে?	ক. শিক্ষক শব্দ তালিকা হতে শব্দ গুলো শিক্ষার্থীদের বলতে এবং ঐ শব্দ দিয়ে বাক্য বলতে দিয়ে মূল্যায়ন করবেন (শব্দ ও বাক্য বলার ক্ষেত্রে স্পষ্টতা, শুদ্ধতা , শ্রবণযোগ্যতার প্রতি লক্ষ্য রাখতে হবে) খ. শিক্ষার্থী কবিতা সঠিক উচ্চারণ ও ছন্দে আবৃত্তি করবেন এবং শিক্ষক তার অনুভতি ও বাচনভঙ্গী পর্যবেক্ষণ করবেন্ গ. শিক্ষক নির্ধারিত কিছু প্রশ্ন করবেন, শিক্ষার্থী জবাব দেবে। এভাবে তার বলা দক্ষতা যাচাই করবেন। একই কার্যক্রম দিয়ে একাধিক দক্ষতা যাচাই করা যেতে পারে। শোনা ও বলা দক্ষতা একই সংগে একই ট্যুলস দিয়ে যাচাই করা হলে তা অধিকতর শিক্ষক/শিক্ষার্থি বান্ধব হবে। মূল্যায়ন করা ক্রম দিয়ে একাধিক দক্ষতা যাচাই করা যেতে পারে।)

শ্রেণি : প্রথম থেকে পঞ্চম **ভাষাদক্ষতা : পড়া**

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
ক. ডিকোডিং (পাঠোদ্ধারতা) খ. শব্দ ভান্ডার - ব্যাকরণ - পড়ে বুঝতে পারা	১ম থেকে ৫ম শ্রেণির শিশুর পড়া দক্ষতা যাচাইয়ের জন্য যে সকল বিষয় বিবেচনা করতে হবে তা হলো- ক. শিক্ষার্থীর পাঠ সংশ্লিষ্ট বিষয়বস্তু বা এর সমমানের বিষয় নিরবে পড়ে তার মূল বিষয়/ ভাবার্থ জানতে ও বুঝতে পারছে কিনা। খ. শিক্ষার্থীর পাঠ সংশ্লিষ্ট বিষয়বস্তু বা এর সমমানের বিষয় নীরবে পড়ে শব্দ/বাক্যের অর্থ জানতে পারছে কিনা । গ. শিক্ষার্থীরা পাঠ সংশ্লিষ্ট বিষয়বস্তু বা এর সমমানের বিষয়বস্তু পড়ে এর ব্যাকরণ, বাক্যগঠন বুঝতে পারছে কিনা ।	মৌখিক পর্যবেক্ষণ ও লিখিত	প্রশ্নপত্র : বহুনির্বাচনী, শূণ্যস্থান পূরণ, শুদ্ধ-অশুদ্ধ,মিলকরণ, এক কথায় উত্তর শূণ্য স্থানের উদাহরণ: আমাদের জাতীয় পাখির নাম ---------।	ক. প্রশ্ন পত্র থেকে শিক্ষার্থি বাক্যটি পড়ে শূণ্যস্থান পূরণ করতে পারছে কিনা তা মূল্যায়ন করা যেতে পারে্

শ্রেণি : প্রথম থেকে পঞ্চম **ভাষাদক্ষতা : লেখা**

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
ক.এনকোডিং খ. স্পষ্ট ও সঠিক আকৃতিতে লেখা গ. শব্দ ভান্ডার (শুদ্ধ বানান, সঠিক শব্দ) ঘ.ব্যাকরণ/ভাষিক কাজ ঙ.প্রাসঙ্গিকতা চ.ধারাবাহিকতা	১ম থেকে ৫ম শ্রেণির শিশুর লেখার দক্ষতা যাচাইয়ের জন্য যে সকল বিষয় বিবেচনা করতে হবে তা হলো- ক. শিক্ষার্থী যে বিষয়ে লিখবে/ লিখতে দেওয়া হবে সে বিষয়ে পূর্ব ধারনা লেখার মাধ্যমে প্রকাশ করতে পারছে কিনা । খ. বর্ণ পড়ে শিক্ষার্থীরা লিখতে পারছে কিনা। সংখ্যা পড়ে শিক্ষার্থীর লিখতে পারছে কিনা। গ. শিক্ষার্থী র লেখাতে বিষয় সংশ্লিষ্ট শব্দ ব্যবহারের করতে পারছে কিনা । ঘ. কর্তা, ক্রিয়া এর ধারাবাহিকতা এবং ব্যাকরণ ঠিক রেখে বাক্য লিখতে পারছে কিনা । ঙ. শিক্ষার্থী যে বিষয়ে লিখবে/ লিখতে দেওয়া হবে তা প্রাসঙ্গিকভাবে লিখতে পারছে কিনা । চ. শিক্ষার্থী যে বিষয়ে লিখবে/ লিখতে দেওয়া হবে তা ধারাবাহিকভাবে লিখতে পারছে কিনা।	মৌখিক পর্যবেক্ষণ ও লিখিত	প্রশ্নপত্র ও চিত্র : বর্ণ,শব্দ,বাক্য, চিঠি,দরখাস্ত, মূলভাব,অনুচ্ছেদ, ফরমপূরণ,বিজ্ঞপ্তি,ভ্রমণবৃত্তান্ত,সমার্থক/বীপরিত শব্দ, ছবি	"আমার মা" সম্পর্কে পাঁচটি বাক্য লিখ। শিক্ষার্থীকে তার পারিপার্শ্বিক হতে নির্ধারিত বিষয় বলে বা বোর্ডে লিখে দিয়ে তার সম্পর্কে কিছু লিখতে দিয়ে মূল্যায়ন করবে।

চতুর্থ অধিবেশন তথ্যপত্র-৫

৬. ফলাফল সংরক্ষণ ছক

তিনভাবে রেকর্ড সংরক্ষণ করা যেতে পারে-

১। শিখন ফল ভিত্তিক বা পাঠ শেষে

২। প্রান্তিক ভিত্তিক

৩। মিশ্র: প্রথমে মাস ভিত্তিক রেকর্ড সংরক্ষণ করতে হবে। পরে শিক্ষকবৃন্দ অভ্যস্ত হয়ে উঠলে শিখনফল ভিত্তিক রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ধারাবাহিক মূল্যায়ন কার্যক্রমের রেকর্ড সংরক্ষণ প্রত্যেক শিক্ষার্থীর জন্য মাসে একবার করতে হবে। তবে সাময়িক পরীক্ষার পূর্বে তিন মাসের প্রাপ্ত নম্বরের গড় সামষ্টিক মূল্যায়নের সাথে যোগ করে প্রান্তিক পরীক্ষার জন্য চূড়ান্ত নম্বর প্রদান করতে হবে।

রেকর্ড সংরক্ষণ মডেল (ধারাবাহিক ও সামষ্টিক সমন্বিত)

শ্রেণি: ১ম বিষয় : বাংলা **১ম/২য়/৩য় প্রান্তিক পরীক্ষা'২০১৫**

রোল নম্বর	শিক্ষার্থীর নাম	ধারাবাহিক মূল্যায়ন															সর্ব মোট প্রাপ্ত নম্বর	প্রাপ্ত গড় নম্বর	সামাষ্টিক মূল্যায়ন প্রাপ্ত নম্বর	সর্বমোট নম্বর
		১ম মাস (জানুয়ারী)					২য় মাস (ফেব্রুয়ারী)					৩য় মাস (মার্চ)								
		শোনা ১০	বলা ১০	পড়া ১০	লেখা ১০	মোট ৪০	শোনা ১০	উলা ১০	ঈড়া ১০	লেখা ১০	মোট ৪০	শোনা ১০	উলা ১০	ঈড়া ১০	লেখা ১০	মোট ৪০	১২০	৪০	৬০	১০০
০১	ক	১০	৯	৯	৯	৩৭	১০	১০	১০	১০	৪০	১০	১০	১০	১০	৪০	১১৭	৩৯	৫১	৯০

৭. ভাষাদক্ষতা ও মূল্যায়ন সংশ্লিষ্ট পরিভাষা

শোনা : শিশুর শোনা দক্ষতা বলতে যেসকল বিষয় বুঝতে হবে তা হলো- শিশু বিভিন্ন রকম শব্দ/বাক্য শুনে ধ্বনি আলাদা করতে পারছে কিনা,শিশু মনোযোগ এবং ধৈর্য্য সহকারে শুনছে কিনা সহকারে শুনছে কিনা এবং শিশু শুনে বুঝতে পারছে কিনা

বলা : শিশুর শোনা দক্ষতা বলতে যেসকল বিষয় বুঝতে হবে তা হলো- শিশু স্পষ্ট, শুদ্ধ, প্রমিত উচ্চারণ, শ্রবণযোগ্য স্বর এবং সঠিক ছন্দে উচ্চারণ করতে পারছে কিনা,শিশু ক্লাসে কথোপকথন এবং প্রশ্ন করছে কিনা, অনুভূতি ব্যক্ত করছে কিনা এবং কোন বিষয় বর্ণনা করতে পারছে কিনা,বলার ক্ষেত্র প্রাসঙ্গিক কিনা, তার বাচন ভঙ্গি যথাযথ কিনা

পড়া : শিশুর পড়া দক্ষতা বলতে যেসকল বিষয় বুঝতে হবে তা হলো- শিশু পড়ে পাঠোদ্ধার বা Decoding করতে পারছে কিনা, তার শব্দ ভান্ডার (Vocabulary) ব্যবহার যথাযথ কিনা,ব্যাকরণ মেনে পড়তে পারছে কিনা, পড়ে বুঝতে পারছে কিনা

লেখা : শিশুর লেখা দক্ষতা বলতে যেসকল বিষয় বুঝতে হবে তা হলো- শিশু কোন পাঠ সংকেতাক্ষরে (Encoding) লিখতে পারছে কিনা, স্পষ্ট ও সঠিক আকৃতিতে লিখছে কিনা,শব্দভান্ডার (Vocabulary) তথা শুদ্ধ বানান ও সঠিক শব্দ নির্বাচন করছে কিনা, ব্যাকরণ মেনে লিখতে পারছে কিনা, অপ্রাসঙ্গিক বিষয় পরিহার করতে পারছে কিনা।

Decoding : বলতে কোন বিষয় রিডিং পড়ে পাঠোদ্ধার করাকে বুঝায়। যেমন, কোরআন শরিফ অর্থ না জেনে আমরা যদি শুধু তেলওয়াত করি তবে সেখানে Decoding করতে পারিনা। কিন্তু আমরা যখন বাংলা কোন গল্প পড়ি তখন তা Decoding করতে পারি। অর্থাৎ Decoding বলতে পড়ে বুঝতে পারাকে বুঝায়।

Encoding: বলতে কোন ধ্বনিকে সংকেতাকারে প্রকাশ করাকে বুঝায়। আম" কে বানান করে বর্ণ দিয়ে লেখা হলে তা Encoding এর উদাহরণ।

শব্দ ভান্ডার (Vocabulary):নতুন নতুন শব্দভান্ডার । অর্থাৎ শিশু পড়া ও লেখার মাধ্যমে বেশি বেশি শব্দভান্ডার তার মধ্যে Decoding করতে পারবে।

৮। পরিশিষ্ট

ক. মৌখিক মূল্যায়ন নির্দেশনা/ চেকলিস্ট : বর্ণ তালিকা যেমন-অ,আ,ই,ঈ, শব্দ তালিকা যেমন-অজ, আম, ইলিশ, অলি

বাক্য তালিকা যেমন- অজ আসে, আম খাই
বর্ণ/শব্দ/বাক্য তালিকা যেমন শব্দ তালিকা- অজ, আম, অলি, ইলিশ

খ. পর্যবেক্ষণ চেকলিস্ট : আদেশ,নির্দেশ,উপদেশ মূলক বাক্য, যেমন দাঁড়াও, এগিয়ে এসো , বাছাইকৃত কবিতা আবৃত্তি

গ. প্রশ্নপত্র:
বর্ণ,শব্দ,বাক্য, চিঠি,দরখাস্ত, মূলভাব,অনুচ্ছেদ, ফরমপূরণ,বিজ্ঞপ্তি,ভ্রমণবৃত্তান্ত,সমার্থক/বীপরিত শব্দ, ছবি
বহুনির্বাচনী, শূণ্যস্থান পূরণ, শুদ্ধ-অশুদ্ধ,মিলকরণ, এক কথায় উত্তর
শূণ্য স্থানের উদাহরণ: আমাদের জাতীয় পাখির নাম ---------।
বর্ণ/শব্দ/বাক্য তালিকা যেমন, ই,ব, ভ, স, ঋ, ম

ঘ. **ভাষাদক্ষতা শোনা মূল্যায়ন:** বাংলা ও ইংরেজি বিষয়ের শোনা দক্ষতার ধারাবাহিক মূল্যায়ন শ্রেণি কার্যক্রম পরিচালনার সময় প্রতিটি পাঠ বা পাঠ্যাংশের ওপর করতে হবে। এজন্য পাঠ বা পাঠ্যাংশটি শিক্ষক নিজে বা শিক্ষার্থীকে দিয়ে শ্রবণযোগ্য স্বরে সরবে পড়ে শুনিয়ে শিক্ষার্থীদের শোনার দক্ষতা মূল্যায়ন করবেন। এক্ষেত্রে শিক্ষক পাঠ বা পাঠ্যাংশটি পড়ে শোনানোর আগে পাঠসংশ্লিষ্ট কতগুলো প্রশ্ন শিক্ষার্থীদের বোর্ডে লিখে দিয়ে বা প্রশ্ন সংবলিত কর্মপত্র সরবরাহ করে প্রশ্নগুলোর উত্তর বলতে বা লিখতে বা কোনো কিছু করতে দিয়ে মূল্যায়ন করতে পারেন। কখনো কখনো পাঠবহির্ভুত সমমানের ছড়া/কবিতা/গল্প এর অংশবিশেষ শুনিয়েও ভাষার শোনা দক্ষতা মূল্যায়ন করা যেতে পারে।

ঙ. **ভাষাদক্ষতা বলা মূল্যায়ন:** বাংলা ও ইংরেজি বিষয়ের বলা দক্ষতার ধারাবাহিক মূল্যায়ন শ্রেণি কার্যক্রম পরিচালনার সময় প্রতিটি পাঠ বা পাঠ্যাংশের ওপর করতে হবে। এজন্য পাঠ বা পাঠ্যাংশটি শিক্ষক নিজে সরবে পড়ে শুনিয়ে বা শিক্ষার্থীদের পড়তে দিয়ে পাঠসংশ্লিষ্ট কতগুলো প্রশ্নের উত্তর শিক্ষার্থীদের বলতে দিয়ে বলার দক্ষতা মূল্যায়ন করবেন। কখনো কখনো পাঠবহির্ভুত সমমানের ছড়া/কবিতা/গল্প এর অংশবিশেষ ব্যবহার করেও ভাষার বলার দক্ষতা মূল্যায়ন করা যেতে পারে। এছাড়া কোনো বিষয়বস্তু পড়তে দিয়ে তার ওপর কথোপকথন, অভিনয় ইত্যাদির মাধ্যমেও বলার দক্ষতা মূল্যায়ন করতে পারেন। কোনো কোনো ক্ষেত্রে শ্রেণিকক্ষে পাঠসংশ্লিষ্ট অনুরূপ পরিস্থিতি সৃষ্টি করেও বলার দক্ষতা মূল্যায়ন করা যেতে পারে।

চ. **ভাষাদক্ষতা পড়া মূল্যায়ন:** বাংলা ও ইংরেজি বিষয়ের পড়া দক্ষতার ধারাবাহিক মূল্যায়ন শ্রেণি কার্যক্রম পরিচালনার সময় প্রতিটি পাঠ বা পাঠ্যাংশের ওপর করতে হবে। এজন্য পাঠসংশ্লিষ্ট কতগুলো প্রশ্ন পড়ার আগে বা পরে শিক্ষার্থীদের দিয়ে পাঠ বা পাঠ্যাংশটি শিক্ষক শিক্ষার্থীদের পড়তে দিবেন। পড়ার সময় বা পরে পঠিত অংশের ওপর ভিত্তি করে প্রদত্ত প্রশ্নের উত্তর শিক্ষার্থীদের বলতে বা লিখতে দিয়ে পড়ার দক্ষতা মূল্যায়ন করবেন। কখনো কখনো পাঠবহির্ভুত সমমানের ছড়া/কবিতা/গল্প এর অংশবিশেষ ব্যবহার করেও ভাষার পড়ার দক্ষতা মূল্যায়ন করা যেতে পারে। এছাড়া কোনো বিষয়বস্তু পড়তে দিয়ে তার ওপর কথোপকথন, অভিনয় এর জন্য একটি স্ক্রিপ্ট লিখতে দিতে পারেন। পরে লিখিত স্ক্রিপ্ট এর ওপর কথোপকথন বা অভিনয় করতে দিয়ে পড়ার দক্ষতা মূল্যায়ন করতে পারেন।

ছ. **ভাষাদক্ষতা লেখা মূল্যায়ন:** বাংলা ও ইংরেজি বিষয়ের লেখা দক্ষতার ধারাবাহিক মূল্যায়ন শ্রেণি কার্যক্রম পরিচালনার সময় প্রতিটি পাঠ বা পাঠ্যাংশের ওপর করতে হবে। এজন্য পাঠ বা পাঠ্যাংশটি শিক্ষক নিজে বা শিক্ষার্থীদের পড়তে দিবেন। পড়ার সময় বা পরে পঠিত অংশের ওপর ভিত্তি করে পূর্বে প্রদত্ত কতগুলো প্রশ্নের উত্তর শিক্ষার্থীদের লিখতে দিয়ে লেখার দক্ষতা মূল্যায়ন করবেন। কখনো কখনো পাঠবহির্ভুত সমমানের ছড়া/কবিতা/গল্প এর অংশবিশেষ ব্যবহার করেও ভাষার লেখার দক্ষতা মূল্যায়ন করা যেতে পারে। এছাড়া কোনো বিষয়বস্তু পড়তে দিয়ে তার ওপর কথোপকথন, অভিনয় এর জন্য একটি স্ক্রিপ্ট লিখতে দিতে পারেন।

জ. মূল্যায়ন টুল্‌স বাস্তবায়নে সম্ভাব্য প্রতিবন্ধকতা সমুহ:শিক্ষকদের প্রশিক্ষণ নেই, কাজের চাপ, অপ্রতুলতা, মূল্যায়ন সম্পর্কে প্রচলিত দৃষ্টিভঙ্গি, ধারাবহিক মূল্যায়নের অপব্যবহারের সম্ভাবনা, প্রযুক্তি বান্ধব টুলসের অভাব।

নমুনা প্রশ্ন: ৪র্থ শ্রেণি

শোনা **(নম্বর-১০)**

ঘোষণা (নোটিশ)

আগামীকাল ছাব্বিশে মার্চ স্বাধীনতা দিবস উপলক্ষে বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে। তবে বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপন করা হবে। এই উপলক্ষে **১ম** ও ২য় শ্রেণির শিশুদের চিত্রাংকন, আবৃত্তি ও ৩য় থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের চিত্রাংকন ও উপস্থিত বক্তৃতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতা শুরু হবে সকাল নয়টায়। তাই সকল শিক্ষার্থীদের সকাল ৮:৩০ মিনিটের মধ্যে বিদ্যালয়ে উপস্থিত থাকতে বলা হলো।

১। কত তারিখে স্বাধীনতা দিবস? $২ \times ৫ = ১০$

২। **১ম** ও ২য় শ্রেণির শিক্ষার্থীদের জন্য কী কী প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে?

৩। ২য় ও ৪র্থ শ্রেণির প্রতিযোগিতা কখন শুরু হবে?

৪। ৩য় থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য কী কী প্রতিযোগিতা রয়েছে?

৫। কোন প্রতিযোগিতাটি সকল শ্রেণির শিক্ষার্থীদের জন্য রয়েছে?

বলা **(নম্বর-১০)**

শিক্ষক শিক্ষার্থীকে বলবেন তোমাকে যদি শ্রেণির ক্যাপ্টেন (ক্লাশ মনিটর) নির্বাচন করি তাহলে তুমি কী কী দায়িত্ব পালন করবে?/স্টুডেন্ট কাউন্সিল নির্বাচনে তুমি বিজয়ী হলে বিদ্যালয়ের জন্য কী কী দায়িত্ব পালন করবে?/ফুটবল/ক্রিকেট দলের দলনেতা।

শিক্ষক শিক্ষার্থী বলা দক্ষতার যে দিকগুলো মূল্যায়ন করবেন।

১। স্পষ্টতা– ২

২। শুদ্ধতা – ২

৩। প্রমিত উচ্চারণ – ২

৪। শ্রবণ যোগ্যতা – ২

৫। প্রাসঙ্গিকতা – ২

পড়া **(নম্বর-৩০)**

ইন্টারনেট হচ্ছে বর্তমান বিশ্বের সবচেয়ে আশ্চর্য আবিষ্কার। ইন্টারনেটের আবিষ্কার সারা পৃথিবীকে বৈশ্বিক গ্রামে পরিণত করেছে। ইন্টারনেটের সাহায্যে আমরা মুহূর্তের মধ্যে বিশ্বের যে কোনো প্রান্তে যোগাযোগ রক্ষা করতে পারি। ইন্টারনেট বর্তমান যোগাযোগ ব্যবস্থার ব্যাপক উন্নয়ন ঘটিয়েছে। এর মাধ্যমে আমরা তথ্য আদান প্রদান ছাড়াও উভয়কে দেখতে পাই। আজকাল ইন্টারনেটের মাধ্যমে ঘরে বসেই দেশ বিদেশের বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করা যায়। চাকুরী করে অর্থ উপার্জন করা যায়। ইন্টারনেট এখন কেবল কম্পিউটারের মধ্যে সীমাবদ্ধ নয়। মোবাইল ব্যবহার করে ইন্টারনেটের নানাবিধ কাজ সম্পাদন করা যায়। ইন্টারনেট ব্যবহার করে আমরা পৃথিবীর বিখ্যাত সব লেখকের বই পড়তে পারি, যে কোনো লাইব্রেরির বই পড়তে পারি। আমাদের প্রয়োজনীয় সকল তথ্যের আধার হচ্ছে ইন্টারনেট। পৃথিবীর সকল দেশই এখন তাদের তথ্য প্রযুক্তি পরিধি বাড়িয়ে চলছে। বাংলাদেশও এইক্ষেত্রে পিছিয়ে নেই। বর্তমান যুগকে তথ্য প্রযুক্তির যুগ বলা হয়।

(ক) ঠিক উত্তরটি খাতায় লিখ: $২ \times ৫ = ১০$

১। প্রকাশনা ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ কোন যন্ত্রটি?

(ক) মুদ্রণযন্ত্র (খ) ছাপার কালি

(গ) কম্পিউটার (ঘ) মোবাইল ফোন

২। বর্তমান যুগকে কি বলা হয়?

(ক) কম্পিউটারের যুগ (খ) তথ্য প্রযুক্তির যুগ

(গ) জ্ঞান বিজ্ঞানের যুগ (ঘ) মোবাইল ফোনের যুগ

৩। কোন আবিষ্কারের ফলে পৃথিবী বৈশ্বিক গ্রামে পরিণত হয়েছে?

(ক) মোবাইল ফোন (খ) কম্পিউটার

(গ) ইন্টারনেট (ঘ) টেলিফোন

৪। ইন্টারনেটের মাধ্যমে ঘরে বসে বিদেশে চাকুরি করে আমরা কী উপার্জন করতে পারি?

(ক) বৈদেশিক মুদ্রা (খ) বৈদেশিক ডিগ্রি

(গ) বৈদেশিক ভিসা (ঘ) বৈদেশিক নাগরিকত্ব।

৫। মানুষের ঘরই এখন বিশ্ববিদ্যালয়- কোন প্রযুক্তির অবদান।

(ক) ইন্টারনেট (খ) রেডিও

(গ) টেলিভিশন (ঘ) টেলিফোন

(খ) নিচের শব্দগুলোর একটি করে সমার্থক শব্দ লিখ: ১ × ৫ = ৫

উপার্জন, অর্থ, ভাবা, যুগ, বিচিত্র।

(গ) নিচের শব্দগুলো ব্যবহার করে শূন্যস্থান পূরণ কর। ১ × ৫ = ৫

তথ্য, বিনোদন, পড়ালেখা, আজকাল, প্রান্ত

(১) তিনি..... নিয়তি বাজারে আসেন।

(২) ছাত্রছাত্রীরা পরীক্ষার সময় ..... ব্যস্ত থাকে।

(৩) পড়াশোনার পাশাপাশি .....ব্যবস্থা ও রাখতে হবে।

(৪) সমাপনী পরীক্ষার জন্য বিভিন্ন..... জমা দিতে হবে।

(ঙ) আমাদের গ্রামের এক ..... দিয়ে পদ্ম নদী বয়ে গেছে।

(ঘ) মিল করণ: ১ × ৫ = ৫

ক-কলাম	খ-কলাম
১) বর্তমান যুগ হচ্ছে	ক) অপরিহার্য।
২) বিশ্বের যে কোন প্রান্তে যোগাযোগ করতে পারি	খ) ঘরে বসে পড়ালেখা করা যায়
৩) আজকাল ঘরে বসেই	গ) তথ্য প্রযুক্তির যুগ।
৪) চিকিৎসা ক্ষেত্রে কম্পিউটার ব্যবহার	ঘ) ইন্টারনেটের মাধ্যমে।
৫) ইন্টারনেটের মাধ্যমে	ঙ) অর্থ উপার্জন করা যায়।

৫। নিচের শব্দগুলো ব্যবহার করে ১টি করে বাক্য গঠন কর। ১ × ৫ = ৫

ইন্টারনেট, তথ্য, যোগাযোগ, লাইব্রেরি, চাকুরী।

৬। অনুচ্ছেদে উল্লিখিত ইন্টারনেট ও তোমার পাঠ্যপুস্তকে উল্লিখিত মোবাইল ফোনের মধ্যে কী কী মিল আছে তা ৫টি বাক্যে লিখ।

১ × ৫ = ৫

লেখা (নম্বর-২০)

১। নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ের উপর ৫টি বাক্যে অনুচ্ছেদ লিখ। ৫

(ক) মুক্তিযুদ্ধ

(খ) ঋতু বৈচিত্র

২। একদিনের অনুপস্থিতির জন্য ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট দরখাস্ত লিখ। ৫

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ। ২ × ৫ = ১০

(ক) নেমন্তন্ন কবিতায় যিনি ভজন শুনতে যাচ্ছেন তিনি সঙ্গী নিতে চাইছেন না কেন?

(খ) অন্য দেশের তুলনায় ঋতুর ক্ষেত্রে আমরা ভাগ্যবান কেন?

(গ) 'বাংলার খোকা' প্রবন্ধে মানুষের প্রতি খোকার মমত্ববোধ বিষয়ে ৫টি বাক্যে লিখ।

(ঘ) মৃত্যুর সময় স্বামীর রেখে যাওয়া অর্থ বেগম রোকেয়া কী কাজে লাগালেন?

(ঙ) মুক্তির ছড়া কবিতায় "সবুজ সোনালি ফিরোজা রূপালি" বলতে কিসের রঙ বোঝানো হয়েছে?

পঞ্চম অধিবেশন

দিন- ২য়

বিষয়বস্তু : প্রথম থেকে পঞ্চম শ্রেণির বাংলা বিষয়ের শিখন শেখানো প্রক্রিয়া (প্রদর্শনী পাঠ)

সময়: ৪০ মিনিট (১২.২০ – ০১.০০ মি.)

উদ্দেশ্য

১. প্রথম থেকে পঞ্চম শ্রেণির বাংলা বিষয়ের শিখন শেখানো প্রক্রিয়া প্রদর্শন করতে পারবেন

শিখনসামগ্রী: শিক্ষক সংস্করণ, ল্যাপটপ, প্রজেক্টর, পোস্টার পেপার, আর্ট পেপার, মার্কার পেন, পেন্সিল, ।

শিখন শেখানো পদ্ধতি

কাজ-১: প্রথম থেকে পঞ্চম শ্রেণির বাংলা বিষয়ের শিখন শেখানো প্রক্রিয়া প্রদর্শন করা **সময় :** ৪০ মিনিট

প্রশিক্ষকের করণীয়

- পূর্বেই প্রথম থেকে পঞ্চম শ্রেণির যে কোনো একটি পাঠ-৮ এর ওপর শিখন শেখানো কার্যাবলি পরিচালনার জন্য প্রস্তুতি গ্রহণ করবেন।
- অংশগ্রহণকারীদের দুই দলে ভাগ হতে বলবেন।
- একটি দলের অংশগ্রহণকারীদের প্রথম শ্রেণির শিক্ষার্থীর ভূমিকায় থাকতে এবং অন্যদের পাঠ পর্যবেক্ষণের জন্য বলবেন ।
- পাঠ পর্যবেক্ষণের জন্য নিচে প্রদত্ত চেকলিস্ট পোস্টার পেপারে লিখে অধিবেশন কক্ষের এমন স্থানে প্রদর্শন করবেন যেন সকলে সেটি দেখতে পান।

চেকলিস্ট

শিক্ষকের নাম :..... পাঠের বিষয় : .....

পাঠের অনুমিত শিখনফল

১.
২.
৩.

শিখন শেখানো কার্যাবলি

শিক্ষক যে কাজ করেছেন	**আপনি হলে যা করতেন**
পাঠ উপস্থাপন পর্যায়	
শিখন অনুশীলন	
মূল্যায়ন	
বিশেষ কোনো মন্তব্য (যদি থাকে)	

- শিক্ষক সংস্করণে উল্লিখিত প্রক্রিয়ায় শিখন শেখানো কার্যক্রম পরিচালনা করবেন।
- পাঠ প্রদর্শনের পর প্রথমে পর্যবেক্ষকগণের নিকট থেকে ও পরে শিক্ষার্থী হিসেবে নির্বাচিত অংশগ্রহণকারীগণের নিকট থেকে পর্যবেক্ষণ ছকে বর্ণিত বিষয়ের আলোকে প্রশ্ন আহ্বান করবেন।
- এবার শিক্ষক সংস্করণে প্রদত্ত নির্ধারিত পাঠটি প্রদর্শন করবেন অথবা এর কপি বিতরণ করবেন।
- সংস্করণে বর্ণিত ধাপ কীভাবে শিখন শেখানো কাজে অনুসরণ করা হয়েছে তার ব্যাখ্যা প্রদান করবেন।

ষষ্ঠ অধিবেশন

দিন : ২য়

বিষয়বস্তু: প্রথম থেকে পঞ্চম শ্রেণির বাংলা বিষয়ের শিখন শেখানো প্রক্রিয়া (অনুশীলন পাঠ)

সময়: ৪৫ মিনিট (২.০০ – ২.৪৫)

উদ্দেশ্য: প্রথম থেকে পঞ্চম শ্রেণির বাংলা বিষয়ের শিখন শেখানো প্রক্রিয়া অনুশীলন করতে পারা

কাজ-১: প্রথম থেকে পঞ্চম শ্রেণির বাংলা বিষয়ের শিখন শেখানো প্রক্রিয়া অনুশীলন করা **সময়:** ৪০মিনিট

প্রশিক্ষকের করণীয়

- অংশগ্রহণকারীদের পাঁচ দলে ভাগ হতে বলবেন।
- প্রত্যেক দলে প্রথম থেকে পঞ্চম শ্রেণির যে কোনো একটি করে শিক্ষক সংস্করণ সরবরাহ করবেন এবং যেকোনো একটি পাঠ নির্বাচন করতে বলবেন।
- দলগত আলোচনা করে পাঠের ওপর সকলকে প্রস্তুতি নিতে বলবেন।
- লটারি করে প্রথমে দল ও পরে নির্দিষ্ট একজনকে শিক্ষক হিসেবে নির্বাচন করবেন।
- পরিকল্পনা অনুসারে পাঠ উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে সকলের ধারণা নিয়ে ফলাবর্তন দিতে বলবেন।

মূল্যায়ন: **সময়: ০৫ মিনিট**

প্রশিক্ষকের করণীয়-

- নিচে বর্ণিত প্রশ্নগুলোর মাধ্যমে এ অধিবেশনের সফলতা যাচাই করবেন-
  - পাঠ পরিকল্পনা কেন প্রয়োজন ?

নমুনা পাঠপরিকল্পনার ছক

শ্রেণি : **বিষয় :**

পাঠের শিরোনাম:

পাঠ্যাংশ:

শিখনফল: এ পাঠ শেষে শিক্ষার্থীরা-

শোনা	বলা
পড়া	লেখা

উপকরণ:

শিখন শেখানো কার্যাবলি :

(ক) নিরাপত্ত্বাবোধ পরিবেশ সৃষ্টি :

(খ) আবেগ সৃষ্টি :

(গ) উপস্থাপনের ধাপসমূহ :

১।

২।

৩।

মূল্যায়ন :